10981 1.

বিজ্ঞাপন।

শ্রীযুক্ত বাবু রাধামাধব হালদার মহোদ্য প্রণীত নিয় লিখিত পুস্তক গুলি আহিরীটোলা ৭৯ নং নাটতে এবং অত্র শহরের প্রধান প্রধান পুস্তকালয়ে প্রাপ্তব্য ।
শশিকলা ঐতিহাদিক নাটক) মূল্য ১ টাকা, বিদেশার প্রাহকের Historical Tragedy) প্রতি অতিরিক্ত ছই আনা ।
চন্দ্রলেখা পোরার্ত্তিক নাটক)
Romantic Tragedy) " "
বেশ্যানুরক্তি বিষমবিপত্তি প্রহ্মন) মূল্য ছর আনা, বিদেশীয় A, Farce প্রাহকের প্রতি আট আনা ।

"সব্যাস্থন্দরী" গীতিকাব্য Melo drama এবং ''এই কলিকাল' ব্যঙ্গবর্গন Burlesque ইত্যাখ্যায়িক ছুই খানি নাটক মুক্তিভ হই-তেছে শীত্র প্রকাশ হইবেক।

় আগামি সনের >লা বৈশাথ হইতে "কালপোঁচার ন্যা" নামক এক থানি সাপ্তাহিক পত্র প্রকাশিত হইবেক। ফোলপাত করিয়া প্রতি সংখ্যার প্রচার হইবেক। মূল্য নির্দ্দিন্ত গ্রাহকের প্রতি বাংশবিক ৫ টাকা বাণ্যাসিক ২৬° মাসিক। এ ও প্রতি বাংখ্যার এ আনা সাত্র। বাহারা ভূতপর্শব ভ্রতাপোঁচার নক্সা পাঠ করিয়াছেন তাহারা এই পত্রিকা পাঠে মেই পাঠানন্দ লাভ করিবেন। ভ্রতমের অকাল মৃত্যু জন্য ভ্রাতা কালপোঁচা এতদিন শোকে অধীর হইয়া কোঠরে প্রজ্ঞনভাবে ভিল একণে সহরের অত্যাচার অবলোকনে পুনর্বার লেখনি ধারণ করিলেন। সাবধান! সাবধান! বাঁহারা গ্রাহক শ্রেণীভুক্ত হইতে ইচ্ছা করিবেন তাহারা উপরোক্ত ঠিকানায় পত্র পাঠাইলে তাঁহাদিগকে গ্রাহক শ্রেণীভুক্ত করা যাইবেক।

শশিকলা।

ঐতিহাসিক নাটক।

SASIIIKALA

Λ

TRAGEDY

~~~ ⊎ **@~**~< −

শীরাধামাধ্য হালদার প্রণাত।


"কাৰ)শাস্ত্র িলেকেন ক নোগছে িধীন হায়।"

কলিকাতা

পর্। একাশ নরে

শ্রিনা নালভন্দ্র দে দাবা মুদিও।

সন ১২৮১ সালি।



পঠিক মছোদয়গণ !

"মন্দঃ কবি যশঃপ্রেপ্স্ গ্রিষ্যাম্যুপহাস্যতাং।

প্রাংশুগম্যে ফলে লোভাছদ্বাহুরিব বামনঃ ॥'' উপযুক্তি কবিতা পাঠে আপনাদের প্রতীত হইবেক যে, যথন মহাকবি কালিদাস, রঘুবংশের প্রারম্ভে এতাদৃশ শ্লোক বর্ণন করিয়াছেন, তখন মাদৃশ মূঢ়ধী ব্যক্তির পক্ষে, আপ-নাদের নিকট যে কি বক্তব্য তাহা আপনারাই বিবেচনা করিয়া দেখুন। এই নাটকদারা আপনাদের চিত্তরঞ্জনইচ্ছা প্রগল্ভতা মাত্র। তবে নাটকের উদ্দেশ্য হাসান এবং কাঁদান। আমার রচনা পাঠে আপনারা হাদিবেন কি কাঁদি-বেন, তা আমি জানি না, কিন্তু হাস্থন বা কাঁছুন, একটী মনোব্রত্তিকে উত্তেজিত করিলেই, রচনার সার্থক হইবেক। এই নাটকখানি পুরারতঘটিত আখ্যান সম্বন্ধীয়। প্রসিদ্ধ ইংরাজি ট্রেজিডি যেরূপ পদ্ধতিতে লিখিত হইয়া থাকে. ইহাও সেই প্রণালী মত লিখিত হইয়াছে এবং ইহাতে রসের মিশ্রণ নাই। এই পুস্তকে কোন অশ্লীল ভাব অথবা শব্দের প্রয়োগ হয় নাই, এবং স্বভাবের প্রতি দৃষ্টি রাখিয়া, যত দূর পর্যান্ত সাধু শব্দ ব্যবহার করা যাইতে পারে, তাহা করা হইয়াছে। যে যে স্থলে অপভ্রংশ ও প্রাকৃত শব্দ ব্যবহার ভিন্ন উপায়ান্তর নাই, সেই স্থলেই সেইরূপ শব্দ ব্যবহৃত হইয়াছে। অপভ্রংশ শব্দগুলি সচবাচর ক্রথোপ-কথনে যেরূপ উচ্চারিত হইয়াথাকে, সেই উচ্চারণাকুরূপ বর্ণযোজনা ও স্বর্রোগ করা হইয়াছে। অবশেষে নিবেদন মুদ্রাযন্ত্রের কর্মচারিগণের অনবধানতা বখাত যে, সকল ভ্রম নিবিষ্ট হইয়াছে, তাহা আপনারা সংশোধনানন্তর পাঠ ं করিবেন।

হালদারোপাধিক জ্রীরাধামাধব দেবশর্মাণঃ।

নাট্যোলিখিত ব্যক্তিগণ।

श्रुक्ष्य ।

গুণধীর রায় · · ভ দয়পুরের রাজা।

জয়প্রতাপ রায়·· মন্ত্রী।

স্থার সিং ... সেনাপতি।

তেজসিং . .. সহকারি সেনাপতি।

প্রতাপদিং ... দৈনিক।

দিখিজয় রায় · · · গুণধীর রায়ের পিতৃব্যপুত্র, বি<u>দেখি</u>।

যশোমন্ত রায় · · · দিখিজয়ের পুত্র বিদ্রোহিদৈনিক।

কলবন্তসিং ... নগরপাল। বিদ্রোহী।

মাতাবুদ্দিন খাঁ · · ব্যন্দেনাপতি।

প্রতিহারী, দূত, যবনসৈন্য, পারিষদ্ ও বন্দিগণ ইত্যাদি।

स्त्री।

हेन्द्रभञी त्रांक्रमहियौ।

শশিকলা ... মন্ত্ৰীতনয়া।

পুরস্ত্রীগণ ও পরিচারিকা ইত্যাদি।

শশিকলা।

প্রথমান্ধ।

প্রথম দৃশ্য।

পার্বভীনাথের নাটমন্দির।

[জয়প্রতাপ রায় ও স্থধীর সিং উপবিষ্ট]

জয়। স্থার। তোমার স্বর্গার পিতার ন্যার, এই উদয়পুর রাজ্যে
সাস্থান্ত বিবেচক ও বুদ্ধিমান্ ব্যক্তি দ্বিতীর ছিল না, তিনি বত
দিন জীবিত ছিলেন, ততদিন তাঁর মন্ত্রণাকেশিলে, এই রাজ্য
মধ্যে বিদ্রোহ ও বিবাদ কিছুই ছিল না, প্রজাগণ রামরাজ্যের
ন্যায়, এই রাজ্যে পরম স্থাথ কাল যাপন করিত; তোমার
পিতা যত দিন মন্ত্রীপদে অতিধিক্ত ছিলেন, দিখিজয়রায়ের
কিঞ্চিৎমাত্রও প্রাত্র্ভাব ছিল না, মহারাজ দিখিজয়ের পরামর্শে
কর্নপাত্রও কোর তেন না, দিখিজয় মহারাজের নিকট সর্বাদা
তোমার পিতার নিন্দা কোর ত, যাতে তোমার পিতা পদচ্যুত
হন, তার সমূহ চেন্টা কর্ত, কিন্তু কিছুতেই সে অভীন্ট লাভ
কোর তে পারে নাই, অবশেবে উপায়ান্তর না দেখে, নৃশংস
হত্যাকারী দ্বারা গোপনে তোমার পিতার প্রাণ সংহার
করে, তৎপরে কেশিলে মহারাজকে বশীভুত কোরে স্বয়ং

শশিকলা।

মন্দীর পদে অভিবিক্ত হয়। ছুরাত্মা দিখিলয় মন্ত্রীব পদ লাভ, করেও, ছুবভিদন্ধি হতে ক্ষান্ত হয় নাই, সে স্বয়ং া ্যাভিন্যিক্ত হবার অভিলাবে, প্রাজাগণের হৃদর মধ্যে বিদ্যোহবঙ্গি সংস্থাপন কোরেছে। দিখিলয়কে মাত্র পদচ্যুত কোরে পরিত্রাণ দিয়ে গহারাল ভাল কার্য্য করেন নাই।

- র্ধী। ইার । বথন তাবি বিচার উঠিচঃস্বরে বিজোহিগণের শাস্তি প্রানি কোচ্যে, তথন চলিপরীতে কার্য্য কোবে, বিজোহি-গণকে অভব দান কোবে, আঘার মতে মহারাজ স্থবিচার করেন নাই। মন্ত্রীমহাশার । মহাবাজের এরপে ভীকতা প্রাদশনের কারণ আপনি কি অবগত আছেন ?
- জয়। বিক্রা বে কে ন পোণি জ পাতেই পকাশ পার এমন নর,
 দূরদর্শন ও মন্ত্রণাকৌশল দ্বাবা, বিপ্রহ এবং সদ্ধি সংস্থাপনই রাজার প্রায়ত বিক্রম, শুদ্ধ বাহুবলে রাজ্য রক্ষা হয় না।
 স্থার । যে কার্ন্যে তের পরাজ্যের আশস্থা আছে, সে কার্য্যে
 বিশিউরপে প্রস্তুত না হয়ে, প্রায়ত হব্যা কতব্য নব, স্বংপসংখ্যা সৈত্য লয়ে, সংপ্রায়ে প্রায়ত হোলে যে কি হোতো, তা
 তূমিই কেন বিবেচনা কোরে দেখনা; এই সদ্ধির দ্বারা আমরা
 অবন্যর লাভ কোরেছি । দিয়িস্বরের পক্ষ যবন সেনারা লুগিত
 দ্বিনাদি পেয়ে, এবং আনাদের ক্রিমভর প্রদর্শন অবলোকনে,
 জয় লাভের নিশ্চয়তা বোধ কোরে, এখন নির্ভরে আমোদ
 প্রসাদে মন্মু হোরেছে, এই অবকাশে আমাদের সপক্ষ রাজগণ স্থার স্থায় সৈত্য লোরে সাহায্যার্থে আগমন কোচ্যেন

ধুষী। এখন আমি মহারাজের অভিপ্রার অণগত শিংলেম, বাত্তবলাপেকা মন্ত্রণাবল সহস্রগুণে শ্রেষ্ঠ, কিন্তু যথন দিয়িজয় রায়ের অত্যাচার আমার অন্তরে উদয় হয়, তখন আর ধৈর্ব্যাবলর্ব কোর্তে পারি না, মন্ত্রাগহাশর! এই দেহে যত দিন বিন্দুমাত্র ক্ষত্রশোণিত প্রবাহিত হবে, ততকাল পর্য্যস্ত আমি স্বৰ্গার পিতার প্রাণনাশকর্তার নুশংস কার্য্যের প্রাকৃত্বল প্রদানে যত্ন কোরতে ক্রটে কোরত না হার। কতদিনে ছুর্নৃ 🕏 ื দিধিজয় রায়ের সহিত সন্মুখ সংগ্রামে সাক্ষাং হবে, দিধিজয় যে কেবল আমার প্রতি অভ্যাচার কোরেছে. নেই প্রতি**শোষ** জন্মই আমি এত অধীর তাও লয়, ছুর্ভি লিখিজর জ্ঞাতিত্ব শস্বল পাশ ভেদন কোরে, অশেষগুণালস্কৃত মহারাজের বিপক্ষে অস্ত্রধারণ, রাজ্যগ্রহণাভিলাম, এতাদৃশ পাণকার্ব্যের অতুঠান আর সহা হয় না ; মন্ত্রীমহাশায় ! মহারাজ দিখিজিয় রায়ের অভিদন্ধি অবগত হোরেও বে, তার মন্ত্রণায় কর্নপাত কোর তেন এইটা বড় আক্র্য্য।

জয়। মহারাজ দিখিজবের মন্ত্রণামত কার্য্য কোরেই, সমস্ত বিপদ্পাতের হেছু উংপন্ন কোরেছেন, উদারস্থভাব মহারাজ, প্রতারকের প্রবঞ্চনার ভুলে, তার প্রতি সম্পূর্ণ বিশ্বাস কোরে আপনার পারে আপনি কুঠার প্রহার কোরেছেন, গুর্ত্তের কম্পিত করবৃদ্ধি প্রভৃতি মূতন নিরম সকল সংস্থাপন কোরে প্রজাগণের বিরাগভাজন হোরেছেন, ছুর্কৃত্ত দিখিজয় স্থাক্ত কার্য্যের সমস্ত দোষ, মহারাজের উপর অর্পণ কোরে

- শুস্তিচর দ্বারা, প্রজাগণের মনোমধ্যে অসম্ভোষ অগ্নি প্রজ্বলিভ কোরেছে, এখন স্থ্যোগ বিবেচনা কোরে, আপন ছুরভি-প্রায়ের সহকারী, গোর সিং এবং যশোমস্ত রায়ের সহিত যবন সেনা সম্ভিব্যাহারে রাজ্যাক্রমণ মান্সে যাত্রা কোরেছে।
- ষ্ধী। পাপাত্মা দিয়িজয় আপনার স্বভাব সদৃশ সহকারী প্রাপ্ত ্রোয়েছে, গোরসিংছের ন্থায় তুর্কৃত্ত লোক এ পৃথিবী মধ্যে আব দ্বিতীয় নাই; কিন্তু যশোমস্ত রায়ের সংস্বভাব স্বস্পকাল হোতেই পরিবর্ত্তিত হোয়েছে।
- জয়। স্বভাব পরিবর্ত্তন জন্মই, আমিও আত্মজা শশিকলার সহিত তাঁর পরিণয়ের কম্পনা পরিত্যাগ কোরেছি, যদবিধ যশোমন্তের মন ছুরাশাবারিদ দ্বারা আচ্ছয় হয় নাই, ততদিন এই রাজ্য মধ্যে তাঁর তুল্য গুণবান্ যুবা, আমার দৃষ্টিপথে পতিত হয় নাই, একমাত্র তাঁর তুল্যবলী এবং গুণশালী তুমি, কিন্তু তুমি সদাকাল বিদেশবাদী, শক্রসংহার তোমার একমাত্র উদ্দেশ্য, রণে জয়লাভ ভিন্ন অপর কোন বস্তু লাভেই তোমার স্পূহা নাই।
- , স্থানী। মহাশার ! রণে জরলাভে, মাতৃভূমির বৈরিগণ বিনাশে স্থাদরে যে পরিমাণে আনন্দ অনুভব কোরেছি, তা অপেক্ষা কুমারী শশিকলাকে দর্শনে, দুসহস্রগুণ আনন্দ লাভ কোরে থাকি, কিন্তু আপনি যশোমস্তের সঙ্গে কুমারীর পরিণয় সম্বন্ধ স্থান কোরেছেন বিলে, এতদিন মনের ভাব ুমনেতেই গোপন কোরে রেখেছিলাম, আজ আপনার অভিপ্রায় অব-

- গত হোরে, হাদরের অভিলাষ প্রকাশ কোর লেই, এখন, আমার এই প্রার্থনা যে, অনুগ্রহ কোরে, আমার কুমারীকে প্রদান করেন।
- জায়। এ পৃথিবী মধ্যে এমন পিতা কে আছে যে, তোমার স্থায়
 সংপাত্রে কন্থার্পণে যত্ন না করেন ? এবং শশিকলা যদিও
 রূপগুণে রমণীকুলের ভূষণস্বরূপা, কিন্তু তাঁর অপৌক্ষ্বে
 এ ধরাধামে যদি কেউ স্থন্দরী ও গুণবতী থাকেন, তিনিও ধেঁ
 ভোমার স্থায় পতি লাভে ইচ্ছা করেন, তাতেও সন্দেহ নাই।
 স্থামী। আপনি অনুগ্রহ কোরে যা বলেন, আজ আমার আনন্দের
 - স্থা। আপান অনু এই কোরে যা বলেন, আজ আমার আনন্দের সামা নাই, এদেহে যতদিন জীবন থাক্বে, ততদিন প্রাণ-পণে আপনার অনুগ্রাহ ভাজন হোতে যত্ন কোর্ব। এই যে, কুমারী এই দিকেই আস্চেন।

(শশিকলার প্রবেশ)

- শশি। বিজয়পুর হোতে, জনেক দৃত বিশেষ সম্বাদ লয়ে আগমন কোরেছে, সেই জন্ম মহারাজ আগনাকে স্মারণ কোরেছেন, আপনি সভায় শীত্র গমন করুন।
- জয়। সুধীর ! তুমি এইখানে কিরৎকাল অপেকা কর, আমি মহা-রাজের নিকট হোতে সবিশেষ জ্ঞাত হোরে, শাদ্র প্রত্যা^ই গমন কচ্যি।

(প্রস্থান)

স্থা। সৈনিক পুক্ষের দ্বারা প্রাণয় সম্বোধন, স্থচারুরপে সম্পন্ন হওয়া স্থকটিন, কিন্তু কুমারি! আমি সভ্য বোল कि, বধন সন্মুধ ঙ

্শ প্রীমবহিং, যোদ্ধার হাদরে জয়লাভ আশা উদ্দীপ্ত কিরে প্রথন যশপতকা তার নেত্রাতো উড্ডীয়মানা হয়, সেই সময় তার মন, যেরপ আনন্দে মৃত্যুকোরে থাকে, আপনার অলে - কিক লাবণ্যময়া প্রতিমা দর্শনে. আমারও মন তদপেক্ষা আনন্দে মৃত্যু কোচ্যে। স্থান্দ্রি! এই হতভাগ্য কি কথন তুরাশা সমুদ্রের তার লাভে সক্ষম হবে ?

শিশি। দেনাপতি মহাশর! আপনি সতর্ক হোন. প্রণয় সমুদ্রে বাব-জ্জীবনের জন্ম স্থা স্বচ্ছনে বিসর্জ্জা দেবেন না, হার! আপনি প্রণয়ে যে কত কন্ট, কত ম্রণা, তা কিছুই জানেন না।

- স্থা। কপট প্রণমে কট ও যন্ত্রণা ভোগের সম্ভাবনা, কিন্তু বিশুদ্ধ প্রথম মনুদ্দে বিনামক কিনা স্থাপের হিলোল প্রবাহিত কবে, সংসারের সার উপসেব্য প্রণারিশীর সহনাস-সুধা, মের সমুদ্র মন্থানেই প্রাপ্ত হওরা যার।
- শশি। জন দাত্র ! ভাবি সুখক পোনাকে মনোমণ্যে স্থান দিয়ে কেবল মনের চঞ্চনতা ও মনিনতা সাধ্যা করা, সুদ্ধই আপ-নার উদ্দেশ্য —জর রমণীই আপনার যোগ্যা প্রণি. শী।
- ন্থবা। হার! বোদ্ধার হৃদর কি এত কঠিন, যে তাতে মদনের ফুল
 শর প্রবৈশ কোরতে পারে না, স্থানরি! প্রচণ্ড মার্তিও
 কিরণে, শর্কবা জাগরণে, হিমপাতে, বিদেশবাসে, বহুকফৌ
 এতকাল পর্যান্ত, এই বাহুবলে বৈরিশোণিতে ধরা প্লাবিত
 কোরে যে, যশোরাশি লাভ কোরেছি, যে সকল কেবল
 আপনার চরণে উ।হার দেবার জন্ম।

স্থা। আপনার এরপ অমিয় বা ১) শংনে, অশীতিপর বৃদ্ধের

মনে আশাশিথা পুনলীপ্তা হয়, হায়! কেয়ন কোরে আমি

ভাষত হুদরকে প্রনোধ প্রদান নাল স্থানার ৷ ভোষাব হুদয়ের

কি দয়ার লেশ মাত্র নাই? বোধ করি বিধাতা নির্জ্জনে বোদে

সভ্চয় সৃষ্ট জীব হোতে নেলিক্যা রাশি গ্রহণ কোরে. একটা

অপুর্শ জীব, জীব হিংমার মান্যে স্ক্জন কোরে থাক্-

শশি। মহাশার ? ক্ষান্ত হোন্; আর আগার প্রাণংনা কোর্বেন না,
আলো রমণীর মন অতি সংল কি জানি পাছে প্রশংসার ভুলে
মনের গতি অন্ত দিকে যার, এক ভিন্ন অন্ত পুক্ষে অভিলাষ
অপেক্ষা, প্রাণত্যাগ করাও ভাল; আপনিতো সকলি ু
জানেন।

(জনৈক দূতের প্রবেশ)

দৃত। দেনাপতি মহাশার ! উত্তর প্রদেশ হোতে, একদল দৈত্য এই দিকে আদিতে, এবং দক্ষিণমূরচার উপর থেকে অস্ত্রের চাক্ চক্য দেখা যাচ্যে, বোধ করি মহকারা দেনাপতি ভেজুদিং

٩

শশিকলা।

ষকা কুর্দ্ধ হোতে আমাদের সাহায্য জন্ম প্রভ্যোগমন কোচ্যেন, স্থানী মহাশর আপনাকে রাজসভার সত্তরে গমন কোরতে, আদেশ কোরেছেন।

स्थो । जूमि वनगित्य, व्यापि এथनि गांछि ।

[দূতের প্রস্থান]

স্থানরি ! আপনার লাবণ্যও যেরপে অলোকিক, চরিত্রও
তিন্তুরপ, আমি শত সহত্র যন্ত্রণা সহু কোর্লেও, আপনাকে
অপদে পদার্পণ কোর্তে কথনই পরামর্শ দেবনা; মন্ত্রী
মহাশয়, যশোমস্তের সহিত আপনার বিবাহ কণ্পনা পরিভ্যাগ কোরেছেন, এখন আপনার অভিনত হোলেই, আমার
আশা পূর্ণ হয়।

(স্থধীর সিংহের প্রস্থান)

শশি। হার! কেন আপনি রুধা প্রণয় আশে কউ পাচ্যেন?

এই হওভাগিনী কি আপনার কোমল মনে বেদনা দেবার জন্ম
জন্ম গ্রহণ করেছিল? কি পরিতাপ! আমার মন এখন
আমার নয়, অনেক দিন থেকে অন্তকে অর্পণ কোবেছি, কিন্তু
আমি যার জন্মে যত্ন কচ্যি, তাঁর মন আর পূর্বের ন্যায়
আমার প্রতি নাই, তিনি এখন দুক্ষার্য্যে মনোনিবেশ কোরেছেন, দুরাশা দুফাস্ত্রীর ন্যায় তাঁর সর্ব্বনাশে প্রবৃত্তা হোয়েছে।

যাই, এমল সয়য় একলা এখানে থাকা উচিত নয়।

প্রস্থান]

প্রথমান্ত।

(দ্বিতীয়দৃশ্য।)

্রাঙ্গপুরীর নিকটস্থ উপবন)

(শশিকলার প্রবেশ)

- শেশি ৷ আমাকে এই উপবনে অপেক্ষা কর্তে লিখেছেন, তাইত, তিনি কেমন কোরে এখানে আস্বেন. এ রাজপুরী এখন তাঁর পক্ষে শত্রুপুরী ঐনা কে এফজন এই দিকে আসচ্যে (যশোমন্তবারের উদানীনের বেশে প্রবেশ)
- যশ। কুমারি ! রঘণার সবল হাদরে, রাজ্য সম্বন্ধীয় বিষয় আন্দোলিত হওরা অনুচিত, নারীর মন সহজেই তার আত্মীরগণের পক্ষ অবলম্বন করে, এব° তাদের কার্য্যের পক্ষপাতী হয়, নিরপেক্ষ বিচার রমণীর সাধ্যাতীত।
- শশি। একি ! আপুনার একপ তুর্কুদ্ধি কেন হোলো ? আপনার এখানে আগমন নিহিদ্ধ, আমিও আপনাকে এখানে আসতে নিবারণ কোরেছি, তুরাশা কুছুকীর মাযাপাশে বদ্ধ হোয়ে, আগনি কি জান হারা হবেছেন ? আপনি এখানে যে কি আশিয়ে এসেছেন, তা আমি জানি না. কিন্তু আপনার এখানে আসার যে আশা সে যে তুরাশা তাতে

সন্দেহ নাই। এই কপটবেশ আপনার মনের কপটতা স্পর্ট প্রকাশ কোচ্যে।

- যশো। আমি যে এই শক্রপুনী মধ্যে আগমন ধ্বেরেছি যে, পুরীর লোকমাত্রেরি হৃদয়ে আমার অমঙ্গল চিন্তা দর্বদা জাগরিতা রয়েছে, এ আসার আশা, কেবল তোমার সাক্ষাৎ আশাদাত্র, র্থীয় আমি অপাত্রে প্রাণর সংস্থাপন কোরেছি। তোমার অভ্যর্থনা, ভোমার মনের ভাব প্রকাশ কোচ্যে, এখন আর তোমার পূর্বের ভাব নাই।
- শশি। পূর্বের ভাব পরিবর্ত্তনের কারণ কি আপনি জানেন না ?
 আপনার মন হোতে সংগুণ সকলকে দূরীক্বত কোবেছেন,
 এখন আপনি রাজন্রোহী, মহারাজের বিপক্ষে অস্ত্রধারণ
 কোরেছেন, হায়! যে রাজা আপনাকে অপত্য নির্কিশেষে
 প্রতিপালন কোরেছেন, যে রাজা আপনাকে বান্ধব বোলে
 গণ্য কোরেছেন, এবং যিনি আপনার মনে ইচ্ছার উদয় মাত্র
 সেই অভিলায সকল কোরেছেন———
- যশো। সে সমস্ত কেবল কপট্তা এবং কেশিলমাত্র, আমার হাদর
 হোতে উচ্চ আশাতফকে উৎপাটিত কঠুবার জন্ম, ছুরাক্ষা
 কি জানে না, এ রাজ্যের প্রকৃত অধিকারী কে?
- শিশ। হায়। উপকারের কি এই ফল। আপনি কুমন্ত্রণার বশে জ্ঞানহারা হয়েছেন, গুণকে দোষ এবং দোষকে গুণ বোলে, স্থির কোরেছেন।
- ষশো। র্থা কথায় আর কালকেপের আবিশ্যক নাই, এখন ছুরাশা

সমুদ্রে ঝাঁপ দিয়েছি, পারে উত্তীর্ণ হোতে পারি ভালই,
নচেৎ মগ্ন হব। বারহাজার যবন সৈত্য লোরে পিতামহাশার
বেলা দিতীয় প্রহর সময়ে এ রাজ্যে উপস্থিত ইবেন্, এবং
অংশুমালীর অস্তাচল গমনের পূর্বে. উদয়পুরের ব্যুহ্ প্রাচীর
সকল ভূমিসাৎ কোর্বেন, স্থান্দরি! সংগ্রাম অগ্নি প্রজ্বলিত
হবার অগ্রে, আমি ভোমাকে এই আপদ পূর্ণ স্থান্ন, হোতে
মুক্ত করবার মানসে আগমন কোরেছি।

শশি। হায় ! আপনার মুথে একথা শুনে যে, আমি এখন এখানে
নিশ্চিন্ত হয়ে রয়েছি এই আশ্চর্য্য ! ধিক্ আমায় ধিক্ !
এরূপ কথা শুনে ও আমি অপেক্ষা কচ্যি। মহাশ্র ! ক্ষত্তিয়
রমনীরা, যুদ্ধকে ভয় করে না, তারা ধর্মের জন্ম অক্রেশে প্রাণভ্যাণ কোরে থাকে।

যশো। স্পট কেন বল না যে, ভোমার প্রাণয়, সাগরের হিলোলের
ভার ক্ষণস্থারী, সম্প্রতি ভোমার মন অভ্যে অনুরক্তীহোয়েছে
আমি পার্ক্ষতানাথের নাটমন্দিরের স্তন্তের আড়াল থেকে
স্থার সিংএর প্রণরসম্ভাষণ সমস্ত শ্রবণ কোরেছি, এবং তুমিও

শে বি সকল প্রাধাংশা বাক্য প্রয়োগ কোরেছিলে তাও শুনেচি '
শশি। আপনি এখান থেকে শীত্র গমন কৰুন, আর বি
কর্বেন না, আপনার শ্লেষ বাক্য আনার হৃদয়কে বিদ্ধা কর্তে সমর্থ ছবে না, আপনার প্রকৃতি যে, এতদূর নীচ আমি পূর্বের জান্তেম্ না।

যশো। দেবরাজ। আপনি এই মুহূর্তেই আমার মস্তকে বজ্রপাত

- কঁষ্কন্ ৷ আঃ ! যত দিন না চাটুবাদি স্থধীর সিংএর শোণিতে

 এই হস্তকে রঞ্জিত কর্তে পাচ্যি, ততদিন আমার প্রতিশোধ

 শিপাকা নিরত্তি হচে না ! !—— ছুরু ত আমার প্রণয় পথে
 কণ্টক বোগণ কোরেছে, এত বড আম্পর্জা ! স্থলারি ! এখন
 ভোমার প্রণয় কোথার ৷ আর আমি কিছু চাই না, আমার মন
 প্রাণ্লকলি ভুমি হরণ কোরেছে, সেই সমস্ত প্রভ্যাপণ কর.
- 🧸 এই আমার প্রার্থনা।
- শশি। আপনি পাগলের ভারে প্রালাপ বোক্চেন্—— সরলা বালা আপনার নিফ আলাপে ভুলে অগ্র পশ্চাৎ বিবেচনা নাকোরে, আপনাব প্রতি অনুরক্তা হোয়েছিল. এখন তার সেই তুক্ধর্মের উচিত ফল পরিতাপ, হৃদরকে বিদীর্ণ কোচ্যে।

(ক্রন্সন)

- যশো। একি ! রোদন কচ্যো কেন্ ? হার হার। ক্ষান্ত হও, আন
 কেন্দ্রি—হে দিক্পালগণ ! আননারা সাক্ষ্য থাকুন্, স্থান্দ্রীর
 অঞ্চলল আমার অন্তর হোতে উদ্দীপ্ত ক্রোধানলকে নির্বাণ
 কোবলে ? পুনরার আমার হৃদর প্রণব পরোধি জলে আদ্রে
 ্ হোলো, হ্নারে! বল দেখি কি কৌশলে, আমার দেহা
 বিহাতে মনুষ্যন্ত গুণকৈ অপহরণ কোরেছ ?
- শশি। আমি অপছরণ কোরেছি ? হার ৷ উদরপুর বানি রমণীরা নিজ্জীব পুরুষের দেহে বিক্রম নকার কোরে থাকে, ভীকর মনে সাহমের উৎপত্তি কোরে থাকে, আমিবরং শঠের প্রবঞ্চনার বশীভূত হোরে. মনকে চঞ্চল কোরেছি, মন সর্বদা অস্থির

এক দণ্ডের জন্মও স্থির কর্তে পাচ্যি না।

- ্যুশো। স্থানরি ! আমার প্রতি আর তোমার পূর্বের ভাব নাই,
 কিন্তু যশোমন্ত রায়ের মন তিল মাত্রও পরিবর্ত্তি হর নাই
 তোমার মুখনির্গত তিরক্ষারও শ্রেতিস্থাকর বিবেচনা হোচ্যে
 তোমার ভুখনমোহন রূপ রাগ রঞ্জিত হয়ে অধিকতর শোভা
 ধারণ কোরেছে, আরক্তিম ন্যন, কৃঞ্জিত ভ্রুম্পল, হার টিএরপ
 অপরপ রূপ দেখে কার মন না চঞ্চল হয়।
 - শিশি। মহাশার ! আাদনি আর বিলম্ব কোর বেন না, আমার বিদায় দিন্।
- ষশ। বিদায় এ দেহে প্রাণ থাকতে দিতে পার্ব না, ছায়! আর কি আমি তোমাব ছান্ড মুখ দেখুতে পাব না, এই উপবনে, লভা বিভানে, রক্ষতলে, অপরাহ্ন সময়ে, যখন ভোমার সহিত সাক্ষাৎ হোত, মৃত্যুন্দ মল্য মাক্ত যখন প্রত্যোটিত পুষ্পা সমূহের সদাস্ক সম্ভাবে আমাদের মনের আনন্দ কৃদ্ধি কোঁর্ত, তথা যেরপ তুমি কলকও কোকিলাপেক্ষা স্থামিট স্ববে, প্রণয় সম্ভাবণ কর্তে, আর কি সেরপ অমিয় হুল্য মিন্ট কথা শুনতে পাব না, রে পরিবর্ত্তন প্রিষ কঠোর কাল। পর্যায় ক্রমে, আমার ভাগের, আর কি সেরপ শুভ দিনের সভ্যটন
- শশি। আগনি মহারাজের বিপক্ষ পক্ষ পরিত্যাগ করুন্, তা হলেই প্রণর পুজে পুনর্বার আগনার পা পূজা কোর্ব। (নেপথে), প্রহরিগণ। ভোমরা এই উপবনের চহুর্দ্দিক ভাল

কোরে বেইটন কোরে অপেক্ষাকর, দেখা যেন কেও পালাতে না পারেন)

শশি। সঁর্বনাশ ! বোধ করি পিতা আপনার আগমন সংবাদ জান্তে পেরেছেন, তাইত ! আপনি এখন কিরুপে পলায়ন কোর বেন ?

যশোর্ কি ! পলায়ন কোর্ব ? আস্থম্ না কেন ভোমার পিতা, উত্তিকই বা ভয় কি। (যশোমন্তের ছন্মবেশ পরিত্যাগ)

[জয় প্রতাপ রায় ও প্রহরিগণের প্রবেশ]

জয়। পাপিষ্ঠ ! তুই কি দুরভিপ্রায়ে, এই উপবন মধ্যে আগমন কোরেচিন, তোর কি প্রাণের ভয় নাই, শশিকলা ! তুমি এখান থেকে গমন কর, এ তোমার অত্যন্ত অনুচিত কার্য্য—বক্তব্য পরে বোল্ব, এখন তুমি শীঘ্র গমন কর——এখন তোমার কোন কথা শুনতে চাই না।

(শশিকলার প্রস্থান)

মহারাজের বিপক্ষে অস্ত্রধারণ কোবেচিস্, রাজ্য মধ্যে বিদ্রোহ বহ্নি প্রজ্বলিত কোরেচিস্, এতেও কি তোর মনস্কামনা সিদ্ধ হর নাই, গোপনে ছল্ল বেশে, এই উপবন মধ্যে কি গুপ্ত হত্যা দ্বারা অভাষ্টসাধন লালসার আগমন কোরেচিস্? ধিকৃ! ধিকৃ! প্রকাশ্য যুদ্ধে বিক্রম প্রকাশে ভয় পেয়ে, শেষে কি কাপুরুষের স্থায় কার্য্য সিদ্ধি করবার মানস কোরেচিস্?

যশো। তুমি কি আমার বিক্রম জান না, কেবল তোমার অযোগ্য কথা শুনে, অন্তরে হ্বার উদর হওয়ার, বৈর্য্যাবলম্বনে সমর্থ হতি-,

- না হলে— -- ভোষার মতন, আমরা গোপনে কার্য্য সিদ্ধির ইচ্ছা করি না, মন্ত্রীর বল যে কেবল কেশিল, তা এ রাজ্য মধ্যে কেনা অবগত আছে, যখন পিতা মহাশর সহত্র সহত্র সৈত্য সমভিব্যাহারে স্বীয় অভীফার্যাধনে আগমন কচ্যেন, তখন গুপ্ত হত্যাকারীর ন্যায়, আমার এখানে আমবার আবশ্যক কৈ? জয়। বিজেদিহীরা বিক্রম প্রকাশ কোরে কখনই কৃতকার্য্য হৈছিত
 - জয়। বিদ্যোহার। বিক্রম প্রকাশ কোরে কখনই ক্তকাব্য হোতে
 পারে নাই, তোর মুখনী, তোর কুঞ্জিত ললাট, তোর ছত্ত্ববেশ, তোর কথার বিপক্ষে সাক্ষ্য দিচ্যে, বল্তুই কি জন্ত এখানে এসেটিস্প
- বশো। আমার একক নিরস্ত্র দেখে, তুমিই কেন আমার মনোগত অভিপ্রার বিবেচনা কোরে দেখনা, শশিকলার সহিত সাক্ষাৎ মানসে আমি এখানে আগমন কোরেছিলান, শশিকলার প্রণর পাশে বে আবদ্ধ আছি, তা কি তুমি জান না, এবং আমার সহিত শশিকলার বিবাহ দিতে, তুমি যে স্বীক্ষত ছিলে তা কি তোমার স্মরণ নাই——তোমাকে প্রিরার পিতা বোলে আপতত আমি ক্ষমা কর্লেম, কিন্তু এ কুব্যবহারের স্ব্রুচিত শাস্তি শীদ্রই পাবে।
- জয়। কি ! একটা বালকে আমার অপমান কোর্বে ? তোর সঙ্গে আমার বাগযুদ্ধ সম্ভব নয়, তোর মন যখন ছুফাভিসন্ধি দারা কলুষিত হর নাই, তখন তোকে উপযুক্ত পাত্র বোধ কোরে শশিকলার সহিত বিবাহ দেবার ইচ্ছা কোরেছিলাম কিন্তু এখন তুই বিদ্রোহী, জগদীশ্বর আমার মনের ভাব

্অবগভ আছেন। আমি তোকে নিশ্চর পোল্চি, তুই সসাগরা ধরার অধিপতি হোলেও তোকে আর কোন ক্রমেই কন্তার্পর কোর্ব না, প্রারিগণ। তোমারা একে মহারাজের নিকট লয়ে যাও, তিনিই এর কার্যোচিত শাস্তিপ্রদান কোর বেন।

(শশিকলার প্রবেশ)

শৈশি। পিতঃ। আপনার পায়েধোরে বোল চি, আপনাকে বিনয়
কোরে বোল চি, দয়াকরে এঁকে পরিত্যাগ করুন, আমি
যথন যা প্রার্থনা কোরেছি, আপনি তথনি তা পূর্ণ কোয়েছেন।
জয়। প্রহরিগণ ? তোমরা আর বিলম্ব কোরনা, একে এখানথেকে
শীত্র লয়ে যাও।

(প্রহরিগণের যশোমন্তরায়কে লইয়া প্রস্থান)

জয়। শশিকলা! তুমি কোনকুলে জন্ম পরিপ্রাই কোরেছ, সেইটা একবার ভালকোরে বিবেচনা কোরে দেখ, তোমার স্বাণীব প্রস্থৃতি পতিত্রতার পার্স্বতীর ন্থার ছিলেন, তাঁর হাস্থা, তাঁর ন্থার কটাক্ষ, তাঁ∜ হাব ভাব সকলি তোমাতে বর্ত্তমান দৃষ্ট হয়—বাহ্যিকগুণে যেরূপ ভূষিতা. হৃদয়কেও সেইরূপ পবিত্র রাখ্তে যত্নবাটা হও।

(জয় প্রতাপ রায়েব প্রস্থান)

শশি। কুলমর্য্যাদা রাখবার জন্ম, যদি জন্মেরনতন স্থ্য স্বচ্ছনদ পরিত্যাপ কর্তে হয়, তাও কর্ত্তব্য ; হায় ! এ বিপদ হোতে উদ্ধার হ্বার তো কোন উপার দেখ্চিনা, আমার উভয় শঙ্কট, ় ঈশ্বর নাককন, যদি যশোমস্ত রায় এই যুদ্ধে জয়ী হন, তাহোলে

পিতার প্রাণনাশ, মহারাজের রাজ্য বিনাশ, যদি মহারাজ
জয়ী হন, তাহলে আমার ইহ জনের মতন সুখাশা বিনাশ;
হার। ছ্ভিস্তার হৃদর দগ্ধ হার যাচ্যে। যাই আর ওখানে
বিলম্ব কোর্বনা, মহিবীর নিক্ট গমন করি।

(নিষক্রমণ)

দিতীয়াক্ষ।

দ্বিভীয়দৃশা।

(রাজপুরী মঘ্যস্থ উপবেশনাগার

[জয়প্রতাপ রায় এবং স্লধীর সিং উপন্চি]

- স্থি। আজ যে কতদূব গাৰ্য্যন্ত আহ্লাদিত হয়েছি. তা প্ৰাণাশ কৰা সুং গাংগ, এতাদিনে আমাৰ প্ৰতিদৈৰঅনুসুল হয়েছেন, আজ সন্মুৰ দৰ্প্ৰামে সুৰাত্ম দিখিজ্যের নিক্রমের পারি র প্রাপ্ত হব , মন্তি মহাশার ! সুৠপ্ত সিংহকে অকন্মাৎ জাগানির কবলে, সে যেমন গাণীয়া হয়ে তহজন গার্জ্জন কোরে উঠে, মহারাজ ও আজ ও দ্রা রোগত হয়েছেন।
- জায় ' দিখি জিবাৰে কটু কাটবা শাৰণণ, প্ৰথমতঃ মহারাজির জান্ত-করণ হোণার উদয হল, ভারপৰ দিখিজিয সহারাজিল প্রশ্নের পুনঃ পুনঃ এইম পূরিত প্রত্নান্তর প্রদান কবলে, ভিনি একে-বারে প্রদিপ্তি আগুণি ভাগে বাণাে তিনে, সে যাহউক্ বৈরি নিভাৱে সমাচার কি ? শিক্তিত নৈভা না, কতগুলিন লুপুনি প্রির প্রত্রেবাাগিছারি ধবন ?
- মুধী। নানাবিধ শস্ত্রধারি অশিক্ষিত যবন, মন্ত্রি মহাশয়। যদি

 একবার আমরা কোনমতে ভাক্রব্যুহ মধ্যে প্রাথেশ কোরে ব্যুহ

ভঙ্গ কর্তে পারি, ভাছলেই অনায়াসে জয় লাভ করতে পার্বো।

জয়। বিপক্ষ দৈতা সংখ্যার সন্থাদ পেয়েছ ?

সুধী। আনুমানিক দশ সহস্ৰ।

জার। আমাদের দৈন্য সংখ্যা, তাহলে বিপক্ষ সৈতাহোতে আর্দ্ধোকেরও কুনি, আগত্যা এই অপসংখ্যক সৈতা লারেই, বুঁছদ্ধ প্রবৃত্ত
হোতে হবে, এক্ষণে ভূমি শীদ্র তুর্গমধ্যে গমন কোরে তুর্গদ্বার সকল ও তুর্গ প্রাচার রক্ষার্থে সৈতা নিয়োগ করগিরে,
আমি একবার মহারাজের নিকট গমন করি।

স্থী। যে আজা, আমি এখনি চল্যেম, এইযে মহারাজ স্বয়ংই এই-দিকে আদ্চেন।

(স্থারিসিংএর প্রস্থান)

(মহারাজ গুণধার রায়ের প্রবেশ)

- গুণ। রাজ্যের মঙ্গলার্মে, যুদ্ধ বিনা যাতে বিদ্রোহাগ্নি নির্বাণ হর, এতান্ত তারই চেষ্টা কবেছিলাম, কিন্তু সে চেষ্টা থিফল হোল, এখন বিদ্রোহীদের কার্য্যোচিত ফল প্রদানে, যত্ন করা কর্ত্তব্য হয়েছে।
- জার। মহারাজ। দারা প্রকাশের পাত্র আছে, অপাত্রে দারা প্রকা- ' শাই এই বিপদ্ধাতের হেতু।
- গুণ। জগদীশ্বর বিচারকর্তা ! যুদ্ধে প্রার্থ্য হোলে, বহুসংখ্যক প্রাণিনাশ হবে, এই আশস্কার আমি এএদিন থিড়োখীদের শাসনে নিব্বুর ছিলাম, কিন্তু তাদের পাপেরভরী পূর্ণা

ছয়েছে: অবিলয়েই আমার কোপ বায়ু বেগে, অভল মগ্না হবে।

- জ্য । নরপতি ! দিখিজয়েকে পদচ্যত কোরে, তাকে নির্বাদন
 করা ভাল হর নাই, সে যাহোক এক্ষণে আমাদের সেনাপেক্ষা,
 শক্রবল গণনায় অধিক, কিন্ত ধর্ম আমাদের স্থপক্ষ, ধর্ম
 বলেন এবং রণ কেশিলে আমরা যে যুদ্ধে জয়লাভ কোর্ব
 ভাতে সন্দেহ যাত্র নাই।
- গুণ। তোমার তুল্য বদী, বিবেচক, ও বিশ্বাদেরপাত্ত-দ্বিতীয়
 দৃষ্ট হয় না, তুমিই দূর দৃষ্টিবারা তুরাত্মাদিশের তুরভিসন্ধি
 সর্বাত্যে অবগত হয়ে আমাকে জ্ঞাপন কর, এবং তুষ্টগণের
 দমনার্থে এক্ষণ্ণেও উল্ফোগী হয়েছ,———এতাদৃশ প্রভুভক্তির অনুরূপ পুরক্ষার আমি কখনই দিতে পার্বো না।
- জয়। মহারাজ ! আমি যে দিন থেকে আপনার কার্য্যে অবছেলা কোর্ব, সে দিন থেকে যেন আমার নাম কেহই গ্রহণ করেনা, আপনার মঙ্গল আমার অবশ্য চিন্তনীয়, প্রাম্থী বা_পুরক্ষার কিছুই প্রয়োজন নাই।
- গুন। তা আমি বিলক্ষণ জানি, এক্ষণে আমার বিবেচনায়, যাতে কোরে এককালে অধিক সংখ্যক শক্রিসন্ত, আমাদের আক্রমণ কোর্তে না পারে, তারি কোন কোশল করা আব-শ্যক। সর্বাতো পদাতিক সৈন্তোর মধ্যে একদল অসি চর্মালয়ে তৎপশ্চাং দ্বিতীয় দল বর্চা ও দীর্ঘ বল্লম লয়ে গমন কোরে, শত্তুদের আগমনের পথ অবরোধ ক্রুণ, আরু আমাদের

ধানুকী দৈত্যগণ ইতন্তত সঞ্চরণ কৰুগ, এবং দ্র হৈছিত শর্বর্গ দারা বিপক্ষ দৈত্যশ্রেণী ভঙ্গ কর্বার বত্ব কৰুগ, আর তুমি অধারোহা দৈত্য দলের সহিত, পদাতিক গণের রক্ষণার্থে নিরোজিত থাক, আমি নগর রক্ষায় নিযুক্ত থাক্লোম, আব-শ্রক মতে তোমাদের সাহাধ্যার্থে গমন কোর ব, এক্ষণে দেনা-প্রিকে এই সমস্ত বিষয় জ্ঞাপন কোরে, শীঘ্র দৈত্যগণকে স্থসাজ্জ্রত কোরে যুদ্ধ যাত্রা কোর্তে বল গিয়ে, আমি একবার অন্তঃপুর মধ্যে গমন করি।

জয়। যে আজা মহারাজ।

(উভয়ের উভয় দিকে নিজ্মণ)



দিতীয়াক।

তৃ তীযদৃশ্য।

হুৰ্ম মধ্যস্থ প্ৰাকাৰ।

েতেজসিং ওস্থধীর সিণ্এব কথোপকথন)

তেজ। বিশক্ষ দল, পাৰ্ক্ষ ভাষ প্ৰদেশ দিয়ে নগৰাভিমুখে আগানমনেব পথে ব্যুহ সংস্থাপন কোবেছে, বোধ হয় সেই স্ক্লীৰ্ণ স্থানে আমাদেব সহিত যুদ্ধ কৰ্বাৰ মানসে অপেক্ষা কচ্যে। স্থানী সেটা ভো আমাদেব পক্ষে মঙ্গলেবই বিষয়, সেই সঙ্কীৰ্ণ স্থানে বিপক্ষেবা এককালে, বহু সংখ্যক সৈতা লোঘে যুদ্ধে প্ৰবৃত্ত হোতে পাৰবে না, আমৰা বিপক্ষ দলকে সহসা সম্মুখ ও পক্ষাং উভয় দিক্ হোতে আক্রমণ কৰ্লে, অনাবাসে জ্যালাভ কৰ্তে পাৰবো, তুমি মন্ত্রি মহাশ্যেৰ নিকট শীঘ্র গমন কোবে, আমাৰ অভিপ্রায় অবগত কৰাও গিষে।

তেজ। যে আজা, আমি এখনি চল্যে। (নিজ্মণ) (শশিকলার প্রবেশ)

শশি। আমি আপনাব অন্বেষণ কছিয়লাম, আপনাব এই উপ-স্থিত যুদ্ধে যাত্রা কর্বার পূর্বের, এ হতভাগিণী আপনাকে কোন কথা বলুবার ইচ্ছা কোরেছে, কিন্তু আপনাকে

- ় . অত্যন্ত ব্যস্ত দেখছি, মহাশয় ! আমায় ছঃখের কথা শুন্বার · . কি আপনার অবকাশ হবে ?
 - স্থা। কুমারি! মৰু ভূমি মধ্যে, পিপাসায় প্রিপীড়িত ব্যক্তি
 পানীয় প্রাপ্ত হোলে, কথন কি সে সেপাণীয় পরিত্যাগ
 কোরে থাকে, আমার ও ত্যিত হাদয় তদ্রেশ আপুনার বাক্য
 স্থাপানে কখনই ত্যাগ শক্ত নয়, হায়! আপনার সরল
 মনকেও কি তুর্স্ত তুঃখ আক্রনণ কোবেছে? যদি আর্মি
 আপিনাকে তুঃখেব ২স্ত হোতে মুক্ত কোর্তে পারি, তাহোলে
 শঙ সহত্র যুদ্ধে জয় লাভ অপেক্ষা আননদ অমুভব
 কোব্ব।
 - শশি। আমার এ জুংখ মোচনে আপনার ভিন্ন আর কারো ক্ষমতা নাই।
 - স্থা। অনুমতি কৰুন, এই দণ্ডেই আপনার আজ্ঞা প্রতিপা**লনে** প্রস্তুত আছি।
 - শশি। তবে আপনার মনোমধ্যে আপনার সংগুণ সমূহকে আহ্বান কৰুন, আমি আপনাকে যে কার্য্যে কর্তে অনুরোধ কোর্ব, আপনার উচ্চ গুণু সকলের সাহায্য ভিন্ন, আপনি ুদে কার্য্যে কখনই প্রাবৃত্ত হোতে পারবেন না।
 - স্থা। যদি আপনার কার্য্যে এ জীবন পর্যান্ত দিতে হয়, তাতেও আমি প্রস্তুত আছি, আজ্ঞাকোরে উৎকণ্ঠা বিনোদন কৰুন। শশি। যশোমস্ত রার কারাগারে শৃঙ্গলাবদ্ধ অবস্থান কোট্যেন। স্থা। হাঁ।

- শশি। তাকে দেই বিপদ্ হোতে মুক্ত কৰুন।
- স্থী। আপনার হৃদয়ে কি দয়ার লেশ মাত্র নাই, হায় ! এ কার্যেণ নিয়োগ কর্তে কি আর আপনি লোক পান্নাই, আমার প্রশয়ের প্রতিবাদী যে ব্যক্তি, যার পতনে আমার আশার স্থার হ্বার প্রত্যাশা, তাকে আমি মুক্ত কোর্ব ? মনুষ্য দ্বারা যে কার্য্য সম্পন্ন হোতে পারে, তা আমি কোর্তে প্রস্তুত আছি, তদতিরিক্ত সাধ্য নাই।
- শশি। হে অন্তর্যামিন ভগবান্! আপনার নিকট কিছুই অবিদিত
 নাই। মহাশর! আপনার মনে কফ দেওরা আনার অভিপ্রায়
 নর, অনেক চিন্তারপর আপনি ভিন্ন আমার এছঃথের ভারবহন
 করে, এমন আর কাকেও দেখতে না পেরে, আপনার নিকট
 মনোছঃখ প্রকাশ কোরেছি, আপনার ন্তায় মহৎলোক ভিন্ন
 একার্য্য করুতে আর কারো সাধ্য নাই, এয়ন আপনার বিবেচনার যাহয় ভাই ককন।
- স্থা। বিদ্রোহী এবং প্রভুর শত্রু — হায়! আমি মহারাজের অন্তাতে ভাঁর আজা ব্যতীত, এ কার্য্য কেমন কোরে করি?
- শশি। এই কি অাপনার আমার প্রতি ভালবাসা? প্রণয়ি ব্যক্তিরা প্রণয়িনীর আদেশ পালন কি বিচার এবং বিবেচনা কোরে কোরে থাকে?
- স্থা। উন্মাদের ভার কার্য্য কোরে কি চিরকালের জন্ম পরি-ভাপ কোর্ব, ভারবিচারে যে ব্যক্তি আবদ্ধ হোয়েছে ভাকে মুক্ত কোরে কি আপনার সর্বনাশ আপনি কোর্বো, জন্মের

- মতন সুখ আশা পরিত, গৈ কর ব, কুমারি ! না— এঁমন আড়া— শাশি। আপুনি সে আশস্কা কোর বেন না, যশোমস্ত রারের প্রাতি আর আমার অনুরাগ নাই, তিনি বিদ্যোহী, পাপপক্ষ অব-লম্বন কোরে, অকলস্ক রারকুল কামিনীর পাণিগ্রহণ আশা পরিত্যাগ কোরেছেন।
 - স্থা। তবে তার মুক্তির জন্ম আপেনি এত চিস্তিতা কেন ? ছুরাস্থা বিদ্যোহা হুফর্মের কলভোগ কৰুগ, কারাগারই তার উপযুক্ত বাস স্থান।
 - শশি। আগনি আগতে কি এত নিষ্ঠুর জ্ঞান কোরেছেন ? আমার জন্ম যে ব্যক্তি বিপদএন্ত হোরেছে, তার ছুঃখ দেখে কি মন স্থির থাক্তে পারে, যদিও আমার হৃদর থেকে অনুরাগ অন্তর হোরেছে, কিন্তু তাঁর বিপদে আমি সন্তাপ অনুত্ব কোচ্যি আপনিও যদি তাঁর অবস্থা চিন্তা করেন, তাহোলে আপনারও দরাত্রি হৃদরে ছুঃখোদর হবে।
 - ন্থধী। আপনার অন্থরোধে আমার অন্তরে প্রবৃত্তির উদয় হোয়েছে,
 আপনার পবিত্র মনের সংসর্গে আমার মন হোতে স্বার্থতা
 দোব দূরীকৃত হোয়েছে, আমি এই দণ্ডেই যশোমন্তকে
 করাগার হোতে মুক্ত কোর্ব।
 (নিষ্ক্রমণ)
 - শশি। ও! প্রাণয়ের কি আশ্চর্য্য ক্ষমতা। স্থীর! আজ হোতে আমি তোমার গুণের দাসী হোলেম, এখন যাই আর বিলম্ব কর্ব না, মহিয়া অভ্যন্ত উদ্বিদ্ধ, তাঁকে সান্তনা কোরি গিয়ে।

(নিষ্ক্রমণ)

তৃতীয়াঙ্ক।

প্রথমদৃশ্য।

কারাগার।

[যশোমন্ত রায় শৃঙ্গলাবদ্ধ]

যশো। ধিক্ আমার ধিক্ ! প্রাণবপাশে বদ্ধ হোবে কি এক্বারে
সদসৎ কর্ত্তব্য কার্য্য বিবেচনা শৃহ্য হোরে, ইচ্ছা পূর্ব্বক প্রাকৃত
পাশে বদ্ধ, কারাবাসী হোলেম, রে দৈব ! তোর নিকট আমি
এমন কি অপরাধ কোরেছি বে, তুই প্রাতিকূল হোরে আমার
আশা ভরসা সকলি সমূলে উচ্ছেদ কোর্লি।

(স্থবীরসিংএর প্রবেশ)

তুমি কি আনার এই তুর্দশা দেখে, আনন্দ প্রকাশ কব্বাব জন্ম এখানে এলে, এরপ অপমান সহ্য করাপেক্ষা স্বহস্তে —— স্থাই । শত্রুও যদি দৈব কর্তৃক পীড়িত হয়, তার সেই শোচনীয় দশা দেখে উপহাস করা, অথবা সন্তোব প্রকাশ করা, হীন প্রকৃতির কার্য্য, স্থার সিংকে তুমি তত নীচ জ্ঞান কোর না, তোমার তুঃখে সানন্দ প্রকাশ কর্বার অভিপ্রায়ে আমি এখানে আসি নাই বরং———

যশো। বরং হুঃখ প্রকাশ কোর্তে——অসহ্য! আমার অদুষ্টে

কি এত দূর ছিল। হা! তুর্কৃত !——তোর আর ছুঃখ প্রকাশে প্রয়োজন নাই, হে নরকাগ্নি। তুমি দয়া কোরে আমার অন্তর হোতে, একবার বহিষ্কৃত হোয়ে এই শৃঙ্খল কে দ্রবীভূত কর, আমি এর আস্পদ্ধার সমূচিত শিক্ষা প্রদান করি, না হয় করাল জ্বলন্ত মূর্ত্তিতে একে দগ্ধ কোরে, আমার বৈরি সংহার কর, আঃ। আর সহা হয় না——

- স্থুধী। বলি ব্যক্তি বুখা বাক্য প্ররোগ কোরে বিক্রমের পরিচয়, '
 দের না, বিক্রেম কার্য্যে প্রকাশ পার, কথার নয়, আমার
 বিক্রম আমার কার্য্যের দ্বারা প্রতীত কর_——তোমাকে এই
 বন্ত্রণা হোতে মুক্ত কর্বার অভিপ্রায়ে আমি এখানে আগমন
 কোরেছি——
- যশো। নৃসংশ হত্যা দ্বারা ? পাপিই রাজার পারিবদগণের দ্বারা এইরূপ কার্যাই প্রত্যাশা করা যার, পাপাত্মা মন্ত্রা রুঝি রাজ্য রক্ষার জন্য এইরূপ পরামর্শ স্থির কোরেছে—মুদ্ধে বলের প্ররোজন, সেটীর অপ্রতুল হোলে কাথেই কেশিলে কার্য্য দিন্ধ কোরতে হয়।
- স্থনী। মন্ত্রীর বিক্রম এবং আমার অসির ক্ষমতা কি তুমি জান না,
 আমার অসি গুপ্ত হত্যাদ্বারা কখনই কলুষিত হয় নাই, মহারাজের অথবা মন্ত্রি মহাশয়ের মনে এরপ পাপ কার্য্যের কখনই
 উদর হয় নাই। তোমার বন্ধন মোচন কোরে, তোমাকে কারাগার হোতে মুক্ত কর্বার অভিপ্রায়ে আমি এখানে আগমন
 কোরেছি।

াশো। চাট্বাদি! তুই আমাকে মুক্ত কোর্বি?——তুই আমার বন্ধন মোচন কোর্বি? অসম্ভব!—পাছে আমি এই কারা-গার থেকে মুক্ত হই এ আশঙ্কার তোরা সর্বদা সশস্কিত।

স্থবী। রণক্ষেত্রে তোকে এর উত্তর দেব।

- নশো। রণক্ষেত্রে——যা যা, এখান থেকে পালা, ভোর আর রুধা দন্ত প্রাকাশের প্রয়োজন নাই, কুপিত সিংহের সশ্মুখে যদি কামন কোর্তে শক্ত হোস, তবে আমার অথ্যে রণক্ষেত্রে আসতে সাহস কোরিস্।
- স্থা। কেতুই হা হা! যে তোর সমূথে গমন কোরতে আমি
 ভর পাব ? আমি ধর্ম সাক্ষী কোরে প্রতিজ্ঞা কোচ্যি, কি রণ
 ক্ষেত্রে, কি নগর মধ্যে, যেখানে তোকে সশস্ত্র দেখতে পাব,
 সেইখানেই তোর হুক্ষার্য্যের সমুচিত প্রতিকল, এই অসি দ্বারা

(স্থণীর সিং কর্তৃক যশোমন্ত রায়ের বন্ধন মোচন) যা এখন পলায়ন কোরে, প্রাণরক্ষা কর্ গিয়ে ?

যশো। হে ধর্মরাজ। এতাদৃশ অপমান সহ্য করাপেক্ষা, কেন তুমি তোমার করাল কাল দৃতকে আমার সমীপে প্রেরণ কোল্যে না, এ অপেক্ষা মৃত্যু সহস্য গুণে শ্রেরক্ষর ছিল, তোর নিকট উপকার পাশে বন্ধ থাকাপেক্ষাও এই লোহি পাশ আমার শ্রের ছিল, কেবল শত্রু সংহার মানসেই এই ঘৃণিত স্বাধীনতা গ্রহণ কোর্লেম, কিন্তু তুই এমন মনে কোরিদ্নে যে তোর কপট ব্যবহারে বশীভূত হোয়ে আমি তোদের পক্ষ অবলম্বন

- ্ কোর্ব, কি ভোদের প্রতি শক্র ভাব পরিত্যাগ কোর্ব,

 ্ এদেহে জীবন থাক্তে তোদের নির্যাতন কোর্তে ক্রটি
 কোর্ব না।
- স্থা। তোর সহিত মিত্রতা করা আমাদের ইচ্ছান্য, তুইও এমন
 মনে করিস্নে যে, তোর মিত্রতা লাভেচ্ছার, আমি তোকে
 স্বাধীনতা প্রদান কোর্লেম, আমি স্বইচ্ছার তোকে মুক্ত
 করি নাই, কেবল কুমারী শশিকলার অনুরোধে—
- যশো। কি বল্লি ! আঃ ! ছুরু তি আমার অন্তরের নির্বাণোদ্মুখ অগ্নিকে প্রজ্বলিত কোর লি, আমি প্রতিজ্ঞা কোচ্যি, তোর শোনিতে এই জ্বন্ত হুতাশন নির্বাণ কোর্ব।
- স্থা। যদিও ভোর প্রলাপে আমি কর্ণপাত কোচ্যি না, কিন্তু তুই সাবধান হ, কি জানি ক্রোধ রিপুর বশীভূত হোলে কর্ত্ব্যা কর্ত্ত্ব্য বিবেচনা থাকুবে না।
- যশো। বদি রণক্ষেত্রে শক্রদল সংহারের ইচ্ছা হৃদয়ে বলবতী না থাক্তো, তাহোলে এই মুহূর্ত্তেই তোর অসিতেই তোকে বিনাশ কোর্তেম, হা!——ভয়ে তোর সমস্ত শরীর কম্পিত হোচ্যে, তোর শোণিত শৃত্য দেহ, তোর অন্তরের অবস্থা প্রকাশ কোচ্যে।
- স্থা। দুর্ভি লম্পট! যা এখান থেকে পলায়ন কর্। তোর প্রমুখাৎ কটু কাটব্য শ্রবণে আমি কুপিত হব না, রণক্ষেত্রে এর প্রভাত্তর প্রদান কোর্ব।
- যশো। আঃ! আমার সর্বাঙ্গ জুলে গেল! আর সহা হয় না।

প্রতিশোধ পিপাসা আমার কণ্ঠ শুক্ষ কোচ্যে,যাহোক আমার হস্ত হোতে তোর নিক্ষৃতি নাই , সংগ্রাম স্থলে আমি তোর সহিত সাক্ষৎ কোর্ব।

সুধী। জগদীশ্বর যেন তোর মনোক্ষামনা সিদ্ধ করেন। আর এখন আমার সঙ্গে আর।

(উভয়ের নিজ্রুমণ)

তৃতীয়াঙ্ক।

দ্বিতীয়দৃশ্য।

(রাজ অন্তঃপুরীস্থ মহিবীর উপবেশনাগার)
(মহারাজ গুণধীররার মহিবী ইন্দুমতা উপবিফাও পরিচারিকা
গণ দন্তায়মানা)

- গুণ। বলবান বিক্রম শালী তেজ সিং, শক্র নিকটে কখনই পরা-ভব হবেন্ না, বিশেষ আমি স্বরং তাঁর সাহায্যে গমন কোচ্যি। ইন্দু। হার! মহারাজ—
- গুণ। মহিষি এ কি! তুমি কি জন্ম এত চিন্তিতা হোরেছ ? প্রিয়ে! তুমি হৃদয় হোতে তুশিচন্তাকে দূর কর, আমি অন্থাই শক্র সংহার কোরে জয়পতাকা আনয়ন পূর্বকি তোমার পদতলে উপহার প্রদান কোর্ব।
- ইন্দু। নাথ! আপনার যুদ্ধ যাত্রার সম্বাদ শুনে অব্ধি, মন অত্যন্ত ব্যাকুল হোরেছে, আপনি ক্ষন্ত হোন্ যুদ্ধে গমন কোর্বেন্ না; আপনার মঙ্গলেই রাজ্যের মঙ্গল, বিশেষ বিদ্যোহিগণের সহিত স্বরং সংগ্রামে গমন করা কর্ত্ব্য নয়!
- গুণ। প্রিরে! রাজ্যের মঙ্গলার্থে আমি শস্ত্রপাণি হোয়েছি, শত্রু

- দেনা কর্ত্তক নগর বেফিড দেখে, যদি আমি যুদ্ধে গমন নাকরি ভাহোলে প্রজাগণ আমাকে কাপু ভ্ষ বোলে গণনা কোর বে।
- ইন্দু। আমি যে দিকে দৃষ্টি গাত কোচ্যি, দেই দিকেই অমঙ্গল চিহ্ন সকল দেখতে পাচ্যি, হায়! ভগবান্ যদি আপনাকে উচ্চ পদাভিষিক্ত না কোর্তেন্, তাহোলে আমাকে আর এরপ • ছুর্ভাবনা ভাবতে হোত না, নিক্দ্বেগে স্থাথে কাল্যাপন কোর্তে পার্তেম।
- গুণ। আমি দে স্থাধের আশা করি না। মহিবি। মনোনধ্যে ভাবনা কোরে দেখাদেখি, যখন রাজা প্রাজাগণকে শাত্ত্ব পীড়ন হাতে মুক্ত করেন, তখন তাঁর হৃদয়ে কি পরিমাণে স্থাধের উদয় হোবে থাকে।
- ইন্দ্র। কিন্তু নাথ ! প্রজাগণকে পীডন হোতে মুক্ত কোরতে, তাঁকে নানারণ আগদে পতিত হোতে হয়।
- গুণ। ব্যাধি না থাক্লে স্বাস্থ্যতার সূথ কেইই জানতে পার্তনা,
 বিপদে পতিত হোরে বিপদ হোতে উদ্ধার না হোতে পার্লে লোক খ্যাতি ও যশ লাভ কোর্তে পারে না, প্রিয়ে! যখন তোমার মন হোতে চিন্তা দূর হবে, যখন তুমি কন্তব্যাকর্ত্ব্য বিবেচনা কোর্তে পারবে, তখন তুমিই আবার আমার প্রজা-বৎসলগুণের প্রশংসা কোর্বে। প্রিয়ে! এখন বিদার দাও আমি যুদ্ধে গমন কোরি।
- इन्द्र। नाथ । जनाथ नाथ जनमिश्वत जागनारक तरा जही करून।

(পরিচারিকাগণের প্রতি) চল আমরা মহারাজের মৃকল আকাজ্জার দেবী ভগবতীর অর্চ্চনা করি গিয়ে।

গুণ। প্রতিহারি ! তুমি শীজ্র গমন কোরে, স্থার সিংকে নাগরিক সৈন্যের সহিত প্রস্তুত হোতে বল গিয়ে, আমি অবিলম্বেই যুদ্ধে যাত্রা কোর্ব।

নিজু ভাঃ দর্বে।

তৃতীয়াঙ্ক।

তৃতীয় দৃশ্যু।

রাজসভা ।

(মহারাজ গুণধীর ও পারিষদ্যাণ দণ্ডায়মান)

গুণ। পারিষদ্গণ! চল আমরা শত্রু শাসনে গমন করি, স্থারি সিং নগর প্রান্ত্রে আমাদের অপেক্ষা কোচ্চোন।

(প্রতাপ সিংএর প্রবেশ)

প্রতা। মহারাজ! সর্বনাশ উপস্থিত, তুরাত্মা গোঁব সিং কতকগুলী যবন সৈত্য সঙ্গে লোয়ে পর্বতীয় প্রদেশস্থ গুপ্ত পথ
দিয়ে গোপনে নগর মধ্যে প্রবেশ কোরেছে, নাগরিক সৈত্যরা
সহসা যবন সৈত্য নগর মধ্যে দেখে, ভয়ে ইতস্ততঃ পলায়ন
কোচো, সেনাপতি মহাশয় স্বল্প সংখ্যক সৈত্য লোয়ে যে রূপ
কোশলে যুদ্ধ কোচ্যেন, এই অভাবনীয় বিপদ্ উপস্থিত না
হোলে, অতি অল্পকাল মধ্যে রূপে আমাদের জয় লাভ
হোতে; মহারাজ। ইতি কর্ত্ব্য অবধারণে আর বিলম্ব কোর
বেন না।

গুণ। বোধ হোচ্যে দৈব আমার প্রতি বিরূপ হয়েছেন, নচেৎ অদৃষ্ট চক্রনেমি কেন আমায় দলন কোর্তে প্রস্তুতা হবেন।

(নেপথ্যে কোলাহল শব্দ)

ছ্রাচার যবনগণ ত্বারে উপস্থিত, এখন আর পরামর্শের সময় নাই, অকলঙ্ক ক্ষত্রির কুলে আমি কখনই কলঙ্কার্পণ কোর্বনা, যতক্ষণ এদেহে জীবন থাক্বে, ততক্ষণ প্রাণপণে সিংহাসন রক্ষার মুখ্য কোর্ব; তুমি শীজ্ঞ গমন কোরে, নাগরিক সৈথ্য-গণকে একত্ত কর গিয়ে, বিনা যুদ্ধে পরাজয় স্থীকার কদাচ করা হবে না (কোর হইতে অসি নিক্ষাশন পূর্ব্বক) আর বিলম্বে প্রয়োজন নাই, এস আম্বা গমন করি।

(নেপথ্যে বহু লোকের পদ শব্দ।)

- প্রতা। মহারাজ ! জ শুরুন্, বোধ কোরি শক্রসৈতা পুরন্ধার পর্য্যন্ত আগমন কোরেছে, এখনি তারা এখানে উপস্থিত হবে, মহারাজ ! জ দেখুন—
- গুণ। জীবন ধারণ কোর লে মৃত্যু একদিন অবশ্যই হবে, এস আমরা রণক্ষেত্রে প্রাণত্যাগ কোরে শুরগণের ঈপ্সিত পবিত্র লোকে গমন করি।
 - (গৌর সিংএর কতিপয় যবন সৈন্যের সহিত প্রবেশ)
 তোকে এ সভাস্থলে আগমন কোর্তে কে অনুমতি দিলে,
 বিনা অনুমতিতে এখানে আসতে তোর লজ্জা বোষ
 হোলনা?
- :গরি। এ পুবীর অধিকারী এখন আমি, রাজলক্ষী ভোমাকে পরিত্যাগ কোরেছেন, দিল্লীখর ভোমার অযোগ্য শির

- হোতে মুকুট গ্রহণ কোরে, তাঁর পদতলে অর্পণ কোর্তে এবং তোমাকে শৃপ্তালাবদ্ধ কোরে তাঁর নিকটে লোরে যেতে অনু-মতি কোরেছেন।
- াণ। পাণিষ্ঠ ! তোর হৃদয় কি পাপ কার্য্যে এওদূর কলুষিত
 হয়েছে যে, তুই ধর্মাধর্ম কর্ত্তব্যাকর্ত্তব্য বিবেচনা শৃত্য হোয়েছিন, ত্যায় বিচারে তোকে অপরাধী সাভ্যন্ত কোরে, তিনবার
 ভোর প্রাণ দণ্ডাত্যা দোয়া হয়, আমি দয়া কোরে তিনবারই
 ভোর অপরাধ মার্জনা কোরে তোকে জীবন দান করি, ভার
 কি প্রতিক্ল এই ?——তুই বিদ্রোহী—পাপ কর্দমে ভোর
 দেহ পঙ্কিল, ধিকু নরাধ্য ধিক !
- ারি । আমি যে জীবিত আছি, তোমার অন্তার বিচারে আমার যে প্রাণ দণ্ড হর নাই, তার কারণ তোমার দরা নয়, কেবল ভয়, ভয় প্রযুক্তই ভূমি আমাকে বারদ্বার পরিত্যাগ কোরে-ছিলে, আমার দেহ হোতে শোণিত পাত কোল্যে, এক এক বিল্ফুরক্ত হোতে রক্তবীজের স্থায় শত শত গৌর সিং উৎপন্ন হোয়ে, তোমার পাপ কার্য্যের প্রতিকল তৎক্ষণাৎ প্রদান কোর্ত্ত।
- াণ। তুর্কৃত্ত বিজ্ঞোহি। তুই দোষী কিনা, ভোর হৃদয়কে জিজ্ঞানা কোরে দেখ্? ভোর প্রতি যে দণ্ডাজ্ঞা দোরা হোয়েছিল সে স্থায় কি অস্থায় তা তুই মনে মনে ভাবনা কোরে দেখ, আর ভোর প্রাণদান আমি দরা কোরে কোরেছিলাম কিনা তাও তুই বিবৈচনা কোরে দেখ্?—খাই হোকু ভোর নিকট আমার

কার্য্যের পরিচয় দিয়ে জনসমাজে ছাস্যাস্পদ ছবার আব-শ্রুক নাই।

গোর। বাক্য কোশলে আমাকে সংকল্পচ্যুত কোর্তে পারবে না, ছর্ভিক্ষ সময়ে সপ্তান যেৰূপ স্থায় অস্থায় বিবেচনা শৃষ্ট হোয়ে পিতার হস্ত হোতে আহার্য্য গ্রহণ কোরে আপনার জীবন রক্ষা কোরে থাকে, তদ্ধেপ আমার প্রতিশোধ ক্ষুধা তোমার স্থানরের রক্তপান ভিন্ন নির্ত্ত হবেনা, পরাজয় স্বীকার কর, নচেৎ এখনি আমি তোমাকে যম সদনে প্রেরণ কোর্ব। গুণ। সশস্ত্র আমি কখনই পরাজয় স্বীকার কোর্ব না, দেহে প্রাণবায়ু সঞ্চালিত থাকতে বিদ্রোহীর নিক্ট পরাজয় স্বীকার আমার স্থায় অকলঙ্ক কুলোন্ডব ব্যক্তি কদাচই করেনা। গোর। সেনাগণ। তবে আর বিলম্বে প্রয়োজন নাই।

(উভয়দলে যুদ্ধ, প্রথমে রাজপক্ষে জয়লাভ পশ্চাৎ গৌরসিং ও যবন সৈন্য পারিষদ্গণকে আহত করিয়া গুণধীরকে নিরস্ত্র করণ)

কেমন এখন হোরেছে! কই তোমার পারিষদ্গণ তোমাকে রক্ষা কোর্তে পাল্পেনা, কোথায় ভোমার সৈত্যগণ কোথায় ভোমার প্রাহরিগণ, এখন ভারা কোথায়? সৈত্যগণ সাবধানে এই বন্দিগণকে লয়ে ব্যূহমধ্যে গমন কর।

যবনদৈন্য বেষ্টিত (রাজা গুণধীর ও পারিষদ্যণের প্রস্থান)

(জনেক দূতের প্রবেশ)

দূত। মহাশর। এক দল অখারোহি দৈত্য, আমরা যে পথদিয়ে
নগর মধ্যে প্রাবেশ কোরেছিলাম, দেই পথ অবরোধ
কোরেছে।

গৌর আঃ কি বিপদ্। (স্বগত) মনে কোরেছিলাম এই স্থোগে রাজভাণার হোতে বহুমূল্য রড়াদি আত্মসাৎ কোর্ব, দেখচি সেটা হোলনা, (প্রকাশ্যে) তবে শীদ্র চল, আমরা অপর কোন পথদিয়ে পলায়ন করি, আর বিলম্ব করা উচিত নর, আমরা যে রড় লাভ কোরেছি সেইটা লোয়ে কোনমতে নগর-হোতে বহির্গত হোতে পাল্লেই একপ্রকার জয়লাভ বোলতে হবে, যখন মহারাজকে বন্দি কোরেছি, তখন অন্তান্ত লোক সকলকে সহজেই বশীভূত কোর্তে পারব।

(গৌরসিং ও দূতের প্রস্থান)

তৃতীয়াঙ্ক।

চতুর্থ দৃশ্য।

(রাজঅন্তঃপুরী)

(মহিনী ইন্দ্রমতী ও শশিকলা উপবিষ্টা)
(জনেক সৈনিক পুরুষের প্রবেশ)

ইন্দু। ছুর্নের মঞ্চের উপর থেকে কিরুপ দেখে এলে বল ?

দৈনি। দেবি ! আমি স্পাই কিছুই দেখতে পাই নাই, সেনাগণের
পদ ধূলিতে দিক্ পকল অন্ধকার ময় হয়েছে, মধ্যে মধ্যে অশ্বগণের হেযারব, ভেরী নিনাদ, যোদ্ধ্বগণের বিকট চীৎকার,
অন্ত্র ঘর্নণ শব্দ এবং আসন্ধকাল প্রাপ্ত ব্যক্তির আর্ত্তধ্বনি
ভত্নপরি রণ বাস্ত্র এই সমস্ত ভয়ানক শব্দ মাত্র প্রবণ কোরে
আপনাকে সম্বাদ দিতে আগমন কোল্যেম।

ইন্দু। তবে এখনো যুদ্ধ হোচ্যে,—হার ! বোধ হয় মহারাজ রণ-ক্ষেত্রে প্রাণত্যাগ কোরেছেন, জীবিত থাক্লে এতক্ষণ প্রত্যা-গমন কোর্তেন। হা জগদীশ্বর তোমার মনে কি এই ছিল ! তোমাকেই বা ডাকি কেন ! তুমি আমাদের এখন পরিত্যাগ কোরেছ, তা না হলে কি এরপ বিপদ উপস্থিত হোত। এখন আমি কার শারণ গ্রহণ কোরি, হে মা ধরিত্রি! তুমিবই এ হত-

- ভাগিনীতে আশ্রার দেয় আর এমন কেও নাই, ভোমার কোল ' ভিন্ন আর যাবার স্থান দেখতে পাচ্যিনা, মা ! আমার এ দুঃখ ভার বহন ভুমি বই আর কে কোর্বে !
- শশি। দেবি ! আমি ছঃখভারে একপ্রকার জ্ঞানশৃত্য হোরেছি,
 কি বোলে কিরপে যে আপনাকে প্রবোধ দেব, তার, কিছুই
 স্থির কোরতে পাচ্যি না, হার ! হয়তো পিতা আমার সমর
 কেত্রে প্রাণত্যাগ কোরেছেন, হার ! বাবা বই আর আমার
 এ সংসারে কেও নাই!
- ইন্দু। সখি মনোদুঃখ প্রকাশ কল্যে শুনেচি অনেক লাঘব হয়,

 এস আমরা দুজনে দুঃথের কথা বলাবলি করি, কিন্তু সখি!
 বলবার ক্ষমতা বা কই, চিন্তা শোক দুঃখ নানাপ্রকার ভাব

 একেবারে মনোমধ্যে উদয় হোয়ে, বাকৃশক্তি অবরোধ করেছে,
 হায়! কি হোলো—হা নাথ! তুমি কি সভাই আমাকে ত্যাগ
 করেছ—এরে তোরা কে আচিস্রে মহারাজকে রক্ষা কর—
 মা জগদহা! রক্ষা কর, রক্ষা কর!
- শশি। বিচলিত হাদয়কে শাস্ত কর্বার কোন উপায়ই দেখ্চি
 না—আছে—একমাত্র উপায় আশা; আশা কুহকীর কুহকে
 পোড়ে, তার মোহিনী মায়ায় মোহীত হোয়ে লোকে শোক
 দুঃখ সকলি ভূলে গিয়ে থাকে।
- ইন্দু। হাদর এখন চিন্তা সাগরে নিমগ্ন হোরেছে; অগাধ জলমগ্ন ব্যক্তির পক্ষে নোকা যেরপ নিস্পুরোজনীর, আশাও আমা-দের পক্ষে তেমনি, স্থি! মৃত্যুই কেবল আমাদের এ ছংখ

দূর কোর তে পারেন, হে ধর্মরাজ ! দয়া কোঁরে আমাদের এই ছঃখ হোতে উদ্ধার কর, আঃ ! আর সহ্য কোর তে পারি না কাল নিদ্রায অভিভূত হোলে শোক ছঃখ সকলি বিস্মৃত হোতে পার্ব. পতি বিরহ, যুদ্ধে জয় পরাজয়, কোন ভাব নাই আর থাক্বে না, হার ৷ আমি কিবোলিটি ! প্রাণয় পুষ্প বি মুকুলেই শুক্ষ হবে ! যে বুক্ষের ছায়ায় আমি এত দিন স্ম্ব সন্তোগ কোনেছিলাম, যে বুক্ষের আড়ালে থেকে আমি কে তাপই সহ্য কোরিনে, আজ কি সেই বৃক্ষ বিদ্রোহীদের কুঠার ঘাতে বিনই হবে ৷

- শশি। দেবি ! ঐ দেখুন শত্রুহস্তা স্থার সিং এই দিকে আগ্য কোচ্যেন, অনুমান হয় উনি জয় সম্বাদ আনয়ন কোচ্যেন। ইন্দ্র। স্থি! আশা দিয়ে, আমার হাদয়কে র্থা ভিত্তেত্তি কোর না। (স্থার সিংএর প্রবেশ) দেনাপতি। মহারাজের সম্বাদ কি ?
- স্থা। দেবি ! আনি মহারাজের কুশল সমাদ দেবার জন্মই, আ নার নিকট আগমন কোরেছি, মহারাজ মুদ্ধে জয় ল কোরেছেন।
- ইন্দ্র। মহারাজ জীবিত আছেন। তিনি কি বিদ্রোহীদের হোতে পরিত্রাণ পেয়েছেন ?
- স্থী। পশুরাজ দর্শনে যে ৰূপ শৃগাল সকল ভয়ে পলায়ন ।
 মহারাজকে দেখে ভদ্দপ বিদ্যোহিগণ ভয়ে রণে ভক্ক
 পর্বত প্রদেশে পলায়ন কোরেছে, মহারাজ আপনাকে

- সংবাদ অবস্ত কোরে আপনার উৎকণ্ঠা ি নোদন করবার জন্ম, আমাকে এখানে প্রেরণ কোরেছেন, এবং মহারাজ স্বরং জয় লব্ধ দ্বব্যাদি লোহে আপনার সম্ভোষ বর্দ্ধনার্থে অভি শীত্রই আগমন কোচ্যেন।
- ন্ধু। সেনাপ্তি। আমি কি সত্যই প্রাণনাথের পুনর্কার দর্শন পাব ? সত্যই কি তিনি প্রত্যাগমন কোরে আমার শোকাঞ্জ মোচন কোরবেন? না – না – আমার বোধ হয়, আগনি সন্তপ্ত হাদয়কে শীতল কর্বার অভিপ্রায়ে আমায় এরপ প্রবোধ প্রদান কোচ্যেন।
- য়ী। দেবি ! কাম্পেনিক কথা দ্বারা আপনাকে সান্ত্রনা করা আমার অভিপ্রায় নয়, র্থা আশা দিয়ে সন্তপ্ত হৃদয়কে প্রজ্বলিত করা মাত্র, আমি আপনাকে সত্য বোলচি, মহা-রাজ বিজয় ভূষণে ভূষিত হোয়ে আপনার আনন্দ বর্দ্ধনার্থে অতি শীত্রই এখানে উপস্থিত হবেন।
- া দেনাপতি ! যেরপে পীড়িত ব্যক্তি শয্যার সমস্ত রাত্রি কফে শরন কোরে দিবাকরের উদর স্থচক বিহঙ্গম নাদ শ্রবণে স্থস্থ বোধ করে, আমিও ভোমার বাক্যে ভদ্রাপ আশ্বস্থ হোলেম।

 া ! দেবি ! প্রাত্তংকালিন রবি কিরণ যেরপে তিমিররাশি ধ্বংস
 করে, সোভাগ্য স্থ্য সেইরপে আপনার অদৃষ্টাকাশে উদর
 হোরে সস্তাপ তিমির দূরাক্বত কল্লেন, সেনাপতি মহাশার !

 অমুগ্রহ কোরে পিতার কুশল সম্বাদ বোলুন।
 - ৷ আপনার পিতৃভক্তি বলে তাঁর সমস্ত মঙ্গল, আমি অনেক

যুদ্ধ দেখেছি, শত শত ধোদ্ধণণের বিক্রম অবলোগ কোরেছি, কিন্তু তোমার পিতা উপস্থিত রণে যেরপে র কোশল, রণ পাণ্ডিত্য, অপার বিক্রম প্রকাশ কোরেছে আমি এরপ ক্থনই দৃষ্টি করি নাই।

শশি। বহুদিন পরে ক্ষেত্রে বারি বর্ষণ হোলে; বেকাপ ক্রি সিগ্ধ হয়, আমারো হাদয় তদ্ধেপ আপনার কথা শুনে শীং হোল। (নেপথ্যে জয়বাস্তু)

সুধী। জয়বাত্ত হোচ্যে, বোগ হয় মহারাজ আগমন কোচ্যেন। ইন্দু। এদ আমরা অগ্রগামী হোয়ে, বিজয়ী মহারাজকে অভ্য করি, এই যে মহারাজ এই দিকেই আসচেন।

(গুণধীর রায়ের প্রবেশ)

- গুণ। মহিষি ! ছাদরেশ্বরি ! প্রিরে ! এস তোমার আলিঙ্গন জ সমর শ্রম নিবারণ করি, আহা ! আমার নিমিত্ত ভা ভোমার মুখ ম্লান হোয়েছে । (আলিঙ্গন)
- ইন্দু। মহারাজ ! আপনার দর্শনে আমার মৃত দেহে

 সঞ্চার হোল, আজ আমার আনন্দের সীমা নাই, ত

 রণে জয় লাভ কোরে প্রভ্যাগমন কোরেছেন, নাথ !

 মধ্যে আনন্দ উৎসব কোর্তে আজ্ঞা দিন, কবিগণ অ

 যশগানে দিক সকল পূর্ণ করুন, দীন দরিদ্রগণকে দ

 কোর্তে কোষাধ্যক্ষকে অনুমতি করুন।
- গুণ। প্রিরে! তোমার যেকপ ইচ্ছা হয়, তুমি আপনিই
 কর, রণে জয় লাভ অপেক্ষা তুমি যে আনন্দিত হো

আমার বিশেষ লাভ।

- ছ। বিধাতঃ ! আপনার অনুথাছে আজ আমার সকল আশা পূর্ণ হোল, নাথ! কেবল বিধাতার ক্লপায়, বিদ্রোহি সৈতা গণেব হস্ত হোতে অক্ষত দেহে পুনরাগমন কোরেছেন।
 । প্রিয়ে! সত্য বোলেছ, বিধাতার ক্লপাবলেই আজ আমি শক্র হস্ত হোতে পরিত্রাণ পেয়েছি, যখন পাপিষ্ঠ গোরসিং আনাকে বন্দি কোরে লোয়ে যাচ্ছিল, সেই সমর স্থীর সিং যদি দৈবাৎ তথার উপস্থিত হোরে আমাকে শক্র হস্ত হোতে উদ্ধার না কোর্ভেন, তা হোলে আজ আমার অদৃফে যে কিইনা হোত তা কে বোলতে পারে। অদ্যকার রণে জয় লাভ স্থীর সিং দ্বারা সম্পন্ন হোয়েছে।
 - । বলেন কি ? আপনি বন্দি হোয়েছিলেন, কি সর্কনাশ। স্থীর! তোমার গুণের ধার আমি কখনই পরিশোধ কোর্তে পার্ব না।
 - দেশ বিদেশে ব্যাপ্ত হবে, এক্ষণে শত্রুগণ সন্ধির বাসনায় আমার নিকট দৃত প্রেরণ কোরেছে, কিয়ৎকাল বিশ্রামের গির, দৃত মুখে শত্রুর বক্তব্য প্রবণ কোরে, কর্ত্তব্যাকর্ত্ত্ব্য স্থির ইরা হবে, চল প্রিয়ে এক্ষণে বিশ্রামাগারে গমন করি, স্থার ! ধহিষী যেরপ প্রণালীতে জয় উৎসব সম্পাদন কোরতে দ্বা কোরেছেন, সভায় গমন কোরে সেইরপ কার্য্য কোরতে দ্বামাগত কর গিয়ে।

চতুর্থাষ্ট।

প্রথম দৃশ্য।

(উপবেশনাগার)

(স্থার সিং এবং শশিকলা উপবিফা)

- শশি। আপনার ভাায় ভাগ্যবান্ লোক প্রায় দেখতে পাও:

 যার না, মহারাজকে বিদ্রোহি গৌর সিংএর হস্ত হোণে

 উদ্ধার কোরে, খ্যাতি প্রতিপত্তি, যশা, মর্য্যাদা এক কানে

 সকলি লাভ কোরেছেন।
- স্থী। সেভিাগ্য যদিও রূপা কোরে খাতি প্রতিপত্তি সমস্ত দিয়েছেন, কিন্তু হৃদর ছূপ্নাপ্য বস্তু লাভ জন্ম সর্বা ব্যাকুল, মনুষ্য কাজ্কিত স্ব্রুল্ল খ্যাতি প্রতিপত্তি লা কোরেও সন্তুষ্ট নয়।
- শিশি। মহাশয় । যে বস্তু পাবার নয়, তার জন্ম আশা করে । যে, যন্ত্রণাড়েশ করতে হয়, তা আমি বেস জানি।
- সুধী। হা বিধাতঃ ! তুমি কি এই মোহিনীমূর্ত্তি আমার মনে হরণ কর্বার জন্ম স্থাই কোরেছ, ছুরাশা পিপাসা আম অহরহ যন্ত্রণা প্রদান কোচ্যে, স্থানরি ! যশোমন্ত রায় এম কি গুণে আপনার মন আরুষ্ট কোরেছে, যে আমার বাস গুণ কোর্তে পাচ্যে না।

শশি। মহাশয়! আপনার উচ্চগুণ সমূহের সহিত যশোমপ্ত রায়ের সাধারণ প্তণের তুলনা হয় না, যশোমপ্ত অপেকা আপেনি সর্কা বিষয়ে শ্রেষ্ঠ, কিন্ত স্ত্রীজাতির মন স্বাভাবিক আত্মগণ নয়, একবার অনুরক্ত হোলে সহজে তাকে কেরান বায় না, যশোমপ্ত রায় কুকার্যে মনোনিবেশ কোরে জনসমাজে ঘণার ভাজন হোয়েছেন, এবং আপনিও তাঁকে বাহুবলে বায়য়ার পরাজিত কোরেছেন, তরুও আমার মন সময়ে সময়ে, তার জন্ম ছঃখ বোধ কোরে থাকে, মহাশয়! আমার ত্যায় নায়ীয় মন আপনায় উদার মনোরঞ্জনের যোগ্য নয়।

স্থা। জগদীশ্বর আমার মনের ভাব অবগত আছেন, আপনার অসমাতিতে আমি কখনই এ পরিণয়ে সম্মত হব না, অতি কঠিন প্রস্তরও সর্ব্ধদা ঘর্ষণে ক্ষরপ্রাপ্ত হোরে থাকে, লোহও ভাপে কঠিনতা ভ্যাগ কোরে থাকে, হার! আপনার মন কি আমার অনুরাগ প্রভাবে আরুফ হবেনা, অনুনর বিনয়ে কি আপনার সম্মতি লাভ কোর তে পারব না।

শশি। এই যে পিতা এই দিকেই আস্চ্যেন।

(জয়প্রতাপ রায়ের প্রবেশ)

(শশিকলার পিতৃচরণে প্রণাম)

জার। এস মা এস, ক্রোড়ে এস, মা তোমার পিতৃভক্তি বলেই আজ আমি শক্রেসৈতা হস্ত হোতে রিক্ষা পেরেছি, (শশি-কলার হস্তধারণ করিয়া সুধীরকে সম্বোধন পুর্বক) সুধীর!

এস তোমায় আলিঙ্গন কোরি, আজ তুমি আমাকে শত হস্ত হোতে রক্ষা কোরে প্রকৃত সম্ভানের তায় কার্য্য কোরেছ এতদিনে আমি পুত্রবান্ হোলেম. (অপর হস্তে স্থধীরে হস্তপারণ করিয়া) বৎস। মহারাজ এবং রাজমহিষা তোমা প্রতি অত্যন্ত প্রমন্না হোয়েছেন, শ'শকলার সহিত তোমা বিবাহ দেবার জন্ম আমাকে সমস্ত আয়োজন কোর দ অনুমতি দিলেন, এই বিবাহ উপলক্ষে মহারাজ একটী মহা गमरिवार छेश्मव (कांवरवन, आमरिक विवार इत जि নির্দ্দিট কোরে রাজগণকে আমন্ত্রণ কোরতে এবং দিপেশ বাসিগুণি-সমূহকে, সংগীত শাস্ত্রবেন্তা, নর্ত্তক নর্ত্তকী, এন্দ্র জালিক এবং মল্লগণকে সমবেত কোরতে আদেশ কোল্যো আর কোষাধ্যক্ষকে এই উৎসব জন্ম যে সমস্ত ব্যয় হবে ত রাজভাণ্ডার হোতে দিতে আজা কোল্যেন। বৎস ! পুর্ একবার রাজসভার গমন কর, কতিপয় বিদ্রোহি সৈনি মহারাজের সহিত সাক্ষাৎ মানসে অপেকা কোচ্যে, মহারা তোমাকে সভান্থলে উপস্থিত থাক্তে অনুমতি কোং ছেন।

সুধী। যে আজ্ঞা, আমি এখনি চল্যেম। (প্রস্থান)
জয়।শশিকলা। এই মুবা আজ আমার বারম্বার প্রাণরক্ষা কো
ছেন, আমি বিজেহি শক্রসৈতা কর্তৃক পরাভূত হোয়ে, স
ক্ষেত্রে নিরস্ত্র একাকী বন্দিভাবে অবস্থান কোছিলাম, এ
সময় সুধীর সিং আপনার প্রাণআশা ত্যাগ কোরে, আ

সাহায্যে আগিমন করেন এবং শক্র হস্ত হোতে মুক্ত করেন, তারপর যখন আমি স্থার সিংএর সঙ্গে নগরাভিমুখে আগমন কোরি, পথিমধ্যে পাপিষ্ঠ যশোমন্ত রাগান্ধ হোরে আমাকে বিনাশ কর্বার মানসে, সহসা, আমার সন্মুখে উপস্থিত হোরে অসি উত্তোলন করে. যদি ধীর স্থার সেই শক্র অস্ত্র অর্দ্ধ পথে আপন অসির দ্বারা নিবাবণ না কোর্তেন, তা হোলে আমি সেই আঘাতেই নিশ্চয় প্রাণত্তাগ কোর্তেম, ধহ্য স্থার সিং! তোমার বিক্রমের আমি শত শত বার প্রশংসা কোচ্যি, কেবল যে তিনি শক্রে উন্তাত অস্ত্র নিবারণ করেন তা নয়, তিনি অপ্পাকাল মধ্যেই বিরিকে নিরস্ত্র কোরে সমরশায়ী কোরেছেন।

- াশি। পিতা পিতা—দর্ম্বনাশ হোয়েছে—হায় হায়!। যশোনন্ত রায় কি প্রাণত্যাগ কোরেছেন?
- ার। একি ! কিজন্য তুমি বিলাপ কোচ্য ? শশিকলা ! তুমি
 যে অকলক্ষ কুলে জন্মগ্রহণ কোরেছ, অসঙ্গত প্রণরপাশে
 হন্ধ হোয়ে সেই কুলে কালী দিওনা, স্থার কেবল তোমার
 শ প্রণরলালসার আপনার জীবন আশা পরিত্যাগ কোরে
 আমাকে শক্ত হস্ত হোতে রক্ষা কোরেছেন।
- শি। স্থারের সদ্গুণে আমরা চিরবাধিত হোরেছি, তিনি যে জ উপকার কোরেছেন, তাঁর শোধ আমরা কখনই দিতে পারব না।
 - । তোমার অনভিনতে আমি কোন কার্য্যেই প্রারুত্ত হব না,

শশিকলা।

কিন্তু সাবধান মহারাজ এবং মহিষীর আজ্ঞা লজ্জ্বন রে আমার মনে কফ দিওনা, স্থার সিং তোমার পাণিগ্রহ উপযুক্ত পাত্র। তাঁর ভায়ে দয়ার্দ্র-হৃদয় প্রায় দেখা যায় ভিনি দয়া কোরে যশোমন্তের জাবন দান করেছেন। ·

শশি বিবা! স্থার সিং যে উপযুক্ত পাত্র তা আমি বেস জ কিন্তু স্ত্রীজাতির মন অত্যন্ত চঞ্চল, প্রণয় পদার্থটীও স্থাণ বিক চঞ্চল, পাছে উভর চঞ্চল একত্র মিলিত হোরে, স্থা আশে গরল উৎপত্তি করে, সেই আশঙ্কার আমি সং হোচ্যি না।

জয়। মা! এখন তুমি বিশ্রামাণারে গমন করে মনকে স্থির কোর

যত্ন কর, এক দিকে যশা, খ্যাতি প্রতিপত্তি এবং অচল অনু:

অন্থা দিকে অপযশা চুর্নাম এবং কপট প্রাণয়, এই ছুএর ম

যে দিকটী ভাল বোধ হবে, সেই দিকে সেই পথে পদা

করাই কর্ত্তব্য,মা! তুমি বুদ্ধিমতী, ভোমায় অধিক বলা বালুং

আমি এখন রাজসভায় চল্যেম অনেক বিলম্ব হোয়েছে, ও

করি মহারাজ আমার অপেক্ষা কোচ্যেন।

(উভয়ের উভয় দিকে প্রস্থান।

চতুর্থান্ধ।

দ্বিতীয় দৃশ্য।

(রাজসভার সন্নিকটস্থ অপে কাগার)

(দিখিজয় রায় ও গৌর সিং উপবিষ্ট)

ধি। দৈব আমাদের প্রতি প্রতিকূল হোয়ে যতদূর জর্দশাএন্ড , কোর্তে হয়, তা তিনি কোরেছেন, এক্ষণে অদৃফৌ যে কি া আচে কিছুই বোল্ডে পারি না।

ার। আমরা যে পথের পথিক হয়েছি, সে পথে নানাপ্রকার

ন্য উপদ্রেব ঘটনার সম্ভাবনা আছে, স্থিরপ্রতিজ্ঞ হোয়ে উপদ্রেব

সকল সহ্য কোর্তে হবে, বিধাতার প্রতি র্থা দোবারোপ
করা নিক্ষল।

্বাষ্ট । উপস্থিত রাজ সম্ভাষণে আমাদের ভাবি সম্পাদের আশা ভরদা সকলি নির্ভর কোচ্যে, যাতে কৌশলে ক্রতকার্য্য হোতে পারি, তারি বিশেষ যত্ন করা কর্ত্তব্য, সিংহাসনাগ্রে অনু-ভাপের সহিত ক্রীতদাসের ন্থায় ক্লপা প্রার্থনা কোর লে অথবা ধ্ব গর্মিত বচনে নির্মাণোল্যুথ কোপ অগ্নিকে প্রজ্বলিত কোর্-্লেও অভীফ নিন্ধা হবে না, মর্য্যাদার সহিত দোষ স্বীকার কোরে কার্য্য সিদ্ধির উপায় কোর্তে হবে।

- পোর। শুনলেম নাগরিক সৈত্যেরা আনন্দে উন্মন্ত হোয়ে জ্বরস্থ নৃত্যগীতাদি কার্য্যে ব্যাপৃত হোয়েছে——-
- দিষি। ঈশ্বরেচ্ছার যখন নাগরিকেরা আনন্দে উন্মন্ত হোমে নিজ্ঞা অভিভূত থাকবে, দেই সময় পর্বত প্রদেশ হোতে যথ সৈত্য সংগ্রহ কোরে যদি নগর মধ্যে প্রবেশ কোর্তে পাণি তা হোলে আমাদের স্থপক্ষ প্রজাগণের সাহায্যে অনায়াদে নগর গ্রহণে সমর্থ হব।
- গোর। এইবার যদি ক্লতকার্য্য হোতে না পারি, শত্রু শোণিত এই অসিকে রঞ্জিত কোর্তে না পরি, তবে প্রতিজ্ঞা কোটি আর আমি অসি ধারণ কোরব না, বৈরি হিংদা পিপাদা পীড়িত নিস্পুনোজনীয় দেহ ধারণে আবশ্যক কি।
- দিখি। গৌ। নিং। আমার হাদর পুনর্বার আশা রথে আব থোনে অনির্বাচনায় আনন্দ অনুভব কোচ্যে, হিভৈষী গো নের মান আমি শিংকাননে উপানিন্ট হোরেছি, এক্ষ মনোবোগের সহিত মন্ত্রণা কর, যাতে এবারকার উদ্ভ নিক্তন নাহা। তোমার মন্ত্রণা বলে এং যশোমন্তের বিক্রো অবশ্যই কভকার্যা হোতে গারব, কিন্তু যশোমন্তের মন অ পূর্বের ন্থার স্থির প্রতিজ্ঞ নাই।
- গৌর । সে জন্ম আপনি চিন্তিত হবেন না, তাঁর মন আমার দ হাতের মধ্যে, আমি তাঁকে যা বোলব, যে পথে লোমে যা তিনি তাই শুনবেন, সেই পথেই যাবেন এবং সেইরূপ কার্য

শশিকলা।

কোর বেন। (সচকিত) মহাশায় নিরস্ত হোন, বোধ হয় এখানে কেও আসচে।

(স্থধীর সিংএর প্রবেশ)

(স্বগত) বজ্রপাণি কি বজ্র শৃষ্ঠ হোয়েছেন; এখন কেন তোর মুণ্ডে বজ্রপাত কোরে তোকে নিপাত করেন নাই?

প্লথী। মহারাজের অনুমতি ক্রমে তোমাদের সঙ্গে কোরে, রাজ-সভার লোরে যেতে আগমন কোরেছি।

দিখি। ভাল, চল আমরা প্রস্তুত আছি।

(সকলের প্রস্থান)

চতুর্থান্ধ।

তৃতীয় দৃশ্য।

(রাজসভা)

(পারিষদ্গণ-পরিবেষ্টিত মহারাজ গুণধীর রায়)

(সিংহাসনোপবিষ্ট)

(দিখিজর রায় এবং গৌর সিং স্থ্যীর সিংএর সমভিব্যাহারে প্রতে ওব। তোমাদের এরপ অবস্থা দেখে আমার অত্যন্ত তুঃখ ে হোচ্যে। দিখিজর । তোমার সহিত সোহার্দ্দ্য সংস্থাপন কে তোমার অসাধারণ মন্ত্রণা বলে নিরুদ্বেগে রাজকার্য্য সম্কর্বার অভিলাষ কোরেছিলাম, কিন্তু তুমি কুসংসর্গে থে কুমন্ত্রণায় কর্ণপাত কোরে তোমার স্থায় উচ্চ পদাভিত্বিত্রির উপযুক্ত কার্য্য কর নাই। রাজ্যমধ্যে বিদ্রোহ ব

দিখি। মহারাজ ! গত বিষয়ের আর আন্দোলনের আবশ নাই, সম্প্রতি যাতে বিদ্রোহাগ্নি নির্দাণ হয়, সেই মান আপনার সহিত সাক্ষাৎ কোর্তে আগমন কোরেছি। গুণ। তুমিই তো এই সকল অনিষ্ট পাতের কারণ, তুমিই সর্ব্বাত্রে আমার বিপক্ষে অস্ত্র ধারণ কোরে, প্রজাগণের মন-ক্ষেত্রে অসন্তোব বীজ বপন কর।

'দিধি। মহারাজ! দিধিজয় রায়ের অসি মাতৃভূমির ছর্দ্দশা মোচন উদ্দেশেই কোণ হোতে নিকাশিত হোরেছিল।

